# একজন বধূকে বেছে নেওয়া

অনেক অসুস্থ মানুষ। আমি একসঙ্গে তাদের সবার কাছে যেতে পারি না। কিন্তু, শুনুন।

2 আমি অবশ্যই আজ রাতে পুনরায় এখানে আসতে পেরে আনন্দিত, এই সুন্দর অডিটোরিয়ামে, লোকদের এই বিস্ময়কর দলের মধ্যে। আর যখন আমরা ভিতরে প্রবেশ করছিলাম, সেখানে, কয়েক মুহূর্ত আগে, রাস্তায় দাঁড়িয়ে থাকা লোকেরা বলেছিল যে তারা প্রবেশ করতে পারছেন না। আর আমি বললাম, "ঠিক আছে, হয়তো আমি আপনাদের জন্য কিছু স্থান দিতে পারি।" আর তারা তাদের আসতে দিচ্ছিল না। তাই আমি দুঃখিত যে আমাদের কাছে তাদের জন্য পর্যাপ্ত স্থান নেই। তারা বললেন যে বেসমেন্টটি পূর্ণ হয়েছে। তাই আমরা এর জন্য দুঃখিত। কিন্তু আমরা এখানে এসে খুশি, এবং এই সকল সেবকদের, এখানকার বিজনেস ম্যানদের দেখে খুশি, এবং দেশের বিভিন্ন স্থান থেকে আসা সকল প্রতিনিধিদের।

3 আজ সকালে প্রাতঃরাশে কথা বলার সৌভাগ্য আমার হয়েছিল, যা আমি অবশ্যই স্নেহ করি যে এইরকম ভালো লোকদের সামনে বার্তা প্রচার করা একটি সম্মানের বিষয়। *তুষ গমের সঙ্গে উত্তরাধিকারী হবে না* এই বিষয়ের উপর আমি বলছিলাম। আমি এটা শেষ করতে পারিনি। আর এটা ভাই এর—এর দোষ ছিল না। তিনি ম্যানেজমেন্টকে আমাদের আরও কিছুক্ষণ থাকতে দেওয়ার চেষ্টা করেছিলেন, কিন্তু তিনি তা করতে পারেন নি। আমি অবশ্যই এর প্রশংসা করি, ভাই ডেমোস। এটা খুব, খুব সুন্দর। আমি অবশ্যই আপনার উদারতার জন্য আপনাকে ধন্যবাদ জানাই, প্রত্যেককে। কিন্তু তারা আমাদের এটা করতে দেননি। তাই আমাদের শুধু—বন্ধ করতে হয়েছিল। আমি সেটি প্রচার করবো, অন্য কোন সময়, এটা শেষ করার জন্য, *তুষ গমের সঙ্গে উত্তরাধিকারী হবে না* । আপনারা কি এটা বুঝতে পেরেছেন, আপনারা যারা এখানে ছিলেন? আমি আশা করি সেখানে যথেষ্ট ব্যক্তি ছিলেন যারা এটি বুঝতে পেরেছেন।

4 এখন, আমি জানি, আজ রাতে, সেখানে একটি সভাও আছে, তাই আমি আপনাদের এখানে বেশিক্ষণ রাখতে চাই না যেন আপনারা সেখানে উপস্থিত হতে না পারেন। কারণ, আমি মনে করি সেটি অবশ্যই একটি সম্পদ—পেন্টিকোস্টাল-বিশ্বাসী লোকদের

কাছে, সেই সভাটি আমরা অন্য রাতে দেখেছিলাম। খুব ভালো পুরুষদের দল, এত চমৎকার উত্তর, সোজাভাবে। এটা দেখে আমার খুব ভালো লেগেছিল। আমি বিশ্বাস করি যে প্রভু আজ রাতে আশীর্বাদ করবেন। আর যে কেউ দেখে তারা যেন বিশ্বাস করে। এটাই আমার আন্তরিক প্রার্থনা হবে।

5 আর এতগুলি রিপোর্ট আসছে, আজ, ডাকযোগে এবং কলের মাধ্যমে, এই সভায় অনেক লোক সুস্থ হয়েছেন। আমি এর জন্য খুব খুশি। সেটি, সেটি, লোকেদের অসুস্থ দেখা, এটা আমার এক ধরনের সেবাকার্য।

6 আমি—আমি এখানে প্রচার করার জন্য দাঁড়াই। আমি, আপনারা জানেন, আমি একজন প্রচারক নই। কিন্তু আমি, আমার কেন্টাকি ব্যাকরণের সাথে, "তার, হয় না" আর—আর এই সকল শব্দ, তাই আমি—আমি বলতে পারি না, যাদের আমরা আজকের আধুনিক প্রচারক বলে থাকি। আমি—আমি সেই স্থানটি নিতে পারিনি, কারণ আমার—আমার কোন শিক্ষা নেই।

7 কিন্তু আমি এই বিষয়ে যা জানি তা অন্যদের কাছে প্রকাশ করতে চাই, অথবা আমি যা অনুভব করি যে আমি এই বিষয়ে জানি, তা অন্যদের কাছে, আমি এটা কিভাবে শিখেছি, তিনি আমার সঙ্গে কিভাবে ব্যবহার করেন। তিনি আমার জীবন, আমি যা আশা করতে পারি, আর আমি যতটা ভেবেছিলাম তার চেয়ে অনেক বেশি, যে পৃথিবীতে আমার কোন বন্ধু থাকবে না, খুব কমই, যখন আমি ছোট ছিলাম। কিন্তু আমি অবশ্যই আজ ভালো বন্ধুদের জন্য কৃতজ্ঞ।

8 আমি...[একজন ভাই বলেন, "সেখানে শুনতে একটু সমস্যা হচ্ছে, ভাই ব্রানহাম। একটু কাছে যান।"—সম্পাদকীয়।] ওহ, আমি দুঃখিত। আমি—আমি এখানে কেন্দ্রের বাইরে ছিলাম, কোথাও, তিনি বললেন।

9 এখন, সরাসরি সভায় প্রবেশ করার জন্য, আসুন কিছু শাস্ত্র পাঠের জন্য ফিরে আসি। আমি—আমি সবসময় বাইবেল পড়তে পছন্দ করি, কারণ এটা ঈশ্বরের বাক্য। আমি এটা বিশ্বাস করি। আর আমি বিশ্বাস করি এটা ঈশ্বরের অমূলক বাক্য। আর এখন আমার কাছে এখানে কয়েকটি বাক্য লেখা আছে, এবং কিছু মন্তব্য যা আমি উল্লেখ করতে চাই, কয়েক মুহূর্তের জন্য, সম্ভবত পঁয়তাল্লিশ মিনিটের জন্য।

10 আর তারপরে আমরা আজ রাতে আবার এই দুর্দান্ত সভাটি দেখতে বের হব। আর আমি বিশ্বাস করি যে ঈশ্বর আপনাকে

আশীর্বাদ করবেন। আর আমি জানি আপনাকে কি করতে হবে। আর আমার টুকসনে যাওয়ার কথা, আজ রাতে, দেখুন, যাতে আপনারা কল্পনা করতে পারেন। সেটা দশ ঘন্টার পথ।

11 আর আমি বিদেশে চলে যাচ্ছি, আর সকালে আমাকে হলুদ জ্বরের সরকারী পরীক্ষা নিতে হবে। তাই আমাকে—আমাকে সেখানে যেতে হবে। আমাকে স্থগিত করতে হয়েছিল, অন্য দিন, আর এখন তারা উত্তরের জন্য আর কোন "না" গ্রহণ করবেন না। আর আমাকে আরও একটি টিটেনাস এবং টাইফাস টিকা নিতে হবে, আর আমার বুস্টার টিকা।

12 তাই, আমি, এই সুযোগের জন্য অনেক কৃতজ্ঞ, আর—আর এই চমৎকার সভাটি আমাদের সম্মেলনের আগে হয়েছে। এটা অবশ্যই আমার হৃদয়কে শিহরিত করে। আপনারা একটি খুব ভালো লোকদের দল। আমি বিশ্বাস করি যে ঈশ্বর আপনাদের আশীর্বাদ করবেন।

13 যখন সেই মহান সময়টি...সেই বৃহৎ দানবটি অদূরে শুয়ে আছে, যে কয়েক দিন আগে আলাস্কায় নিজেকে উল্টে দিয়েছিল, আজ সকালে আবার তার লেজ উপরে নিক্ষেপ করেছে, প্রায়, ওয়াশিংটনের চারপাশে। সে এই পথে যেতে পারে, খুব সহজে। আর যদি পবিত্র আত্মা আমাকে নিশ্চিতভাবে বলেন...

14 কেউ উত্তর দিয়েছেন...আমাকে জিজ্ঞাসা করেছেন যে, "এটা কি এখানে ঘটবে, ভাই ব্রানহাম ?" না, আমি সেটা জানি না। আমি জানি না, যতক্ষণ না আমি জানি। এটাই সত্য।

15 আমি সবসময় আপনাদের সাথে সৎ হতে চাই। আমি অনুমান করতে যাচ্ছি না, কোন ধারনা নিতে যাচ্ছি না, অথবা কিছু, আমি যা বিশ্বাস করি, অথবা এরকম কিছু। যখন আমি আপনাদের বলি, এটা হতে যাচ্ছে। ঠিক আছে, তাকে প্রথমে আমাকে বলতে হবে, তারপর আমি আপনাদের বলব। আমি—আমি জানি পুরো পৃথিবী কম্পান্বিত অবস্থায় রয়েছে। আমরা শেষ সময়ে আছি। কিন্তু একটি বিষয় আমি করার চেষ্টা করেছি...

16 ভাই শাকারিয়ান আজ সকালে বলছিলেন, তিনি কীভাবে প্রার্থনার লাইন দিয়ে যেতেন, আর সেখানে যেতেন এবং লোকরা উপরে আসার আগে সেই কার্ডগুলি নিয়ে আসতেন, আর তাদের দিকে তাকাতেন, আর দেখতেন তারা সেখানে যা লিখেছে তা আমি তাদের বলেছি কিনা—কিনা। তারা তাদের প্রার্থনার কার্ডে সব ধরণের বিষয় লিখে থাকেন, আপনারা জানেন, আর তিনি দেখতে

চেয়েছিলেন সেটি ঠিক কিনা। তিনি বললেন, তিনি যে শত শত পরীক্ষা করেছেন তার মধ্যে একটিও ভুল হয়নি। সেখানে কখনও একটি ভুল হবে না, দেখুন, কারণ, যতক্ষণ—যতক্ষন পর্যন্ত এটি ঈশ্বরের থেকে। যদি আমি কখনও নিজেকে এর মধ্যে উপস্থাপন করি, তখন এটি শুরু থেকে ভুল হবে।

17 একটি ছোট মেয়ে যার পিতা বসে আছেন, এখন আমার কথা শুনুন, আমার কাছে এসেছিল, খুব বেশি দিন হয়নি। সে একটি স্বপ্ন দেখেছিল। সে বলল, "ভাই ব্রানহাম, এই স্বপ্নের অর্থ কি?"

18 আমি বললাম, "আমি জানি না, বোন। আমাকে খুঁজে বের করতে হবে, যদি প্রভু আমাকে বলেন।" তাই আমি গিয়ে প্রভুকে জিজ্ঞাসা করার চেষ্টা করলাম, কিন্তু তিনি আমাকে কিছু বলেননি।

19 ছোট্ট মেয়েটি আবার ফিরে আসে। সে বলল, "ঠিক আছে, এখন আমার স্বপ্নের ব্যাখ্যা কোথায়?"

20 আমি বললাম, "এখানে এসো, প্রিয়, বসো।" আমি বললাম, "তোমার বাবা আর মা আমার খুব ভালো বন্ধু। দেখুন? আর তারা কানাডা থেকে এসেছেন, অবসর নিয়েছেন এবং এখানে আমার সঙ্গে প্রবাস করেছেন। তারা এটা বিশ্বাস করে, আমি যা বলার চেষ্টা করছি। আর আমি আমার জীবনে কখনও কাউকে ভুল কিছু বলিনি, ইচ্ছাকৃতভাবে। যদি আমি...আমি মনে করি, আমি জানি, সেই স্বপ্নের অর্থ কী। কিন্তু যতক্ষণ না আমি নিজে সেই স্বপ্ন দেখি, আর তারপর তিনি আমাকে বলেন এর অর্থ কী, আমি তোমাকে বলতে পারব না। দেখো, যদি আমি কিছু তৈরি করি, এমন একটি সময় আসতে পারে যখন জীবন এবং মৃত্যুর মধ্যে তোমাকে আমার প্রয়োজন হবে, আর তখন তুমি আমাকে বিশ্বাস করবে কি না তা ঠিক করতে পারবে না।"

21 আমি যদি তোমাকে প্রভুর নামে কিছু বলি, তবে সেটাই সত্যি। যিনি আমাকে সেটা বলেছেন। আর এখন পর্যন্ত, এত বছর ধরে, সারা বিশ্বে, বিশ্বজুড়ে, সেটি একবারও ভুল হয়নি। কারণ...আর, এখন, আপনারা জানেন একজন মানুষ এতটা অব্যর্থ হতে পারে না। সেটি করার জন্য ঈশ্বরের আত্মার প্রয়োজন হয়।

22 আর এখন আমার কাছে একটি বার্তা আছে যার জন্য আমি দায়বদ্ধ। আর অনেকবার আমাকে বিবেচনা করা হয়েছে, লোকদের মধ্যে, ঠিক আছে, হয়তো এমন কেউ যিনি বসে এক মিনিটও ভাবেননি, যে আমি একজন—একজন, ওহ, একজন বীভৎস ব্যক্তি, যে আমি লোকদের পছন্দ করি না, আর আমি

সবসময় তাদের ছেঁটে ফেলি। সেটি এমন নয়। সেটি এমন নয়। আমি লোকদের ভালোবাসি। কিন্তু, আপনারা জানেন, প্রেম সংশোধনমূলক।

23 যদি আপনার ছোট ছেলেটি সেখানে রাস্তায় বসে থাকে, আর আপনি বলেন, "জুনিয়র, প্রিয়, আমি চাই না তুমি সেখানে থাকো, কিন্তু..." আর তার পাশ দিয়ে গাড়ি বেরিয়ে যাচ্ছে, আর আপনি তাকে ভিতরে নিয়ে আসেন। সে আবার দৌড়ে বেরিয়ে যায়। কেন, আপনার তাকে সংশোধন করা উচিত। আপনি যদি তাকে ভালোবাসেন, আপনি করবেন। আপনাকে করতে হবে।

24 আপনি যদি দেখেন একজন ব্যক্তি নদীতে ভেসে যাচ্ছেন, একটি জলপ্রপাতের দিকে, একটি ছোট নৌকায় করে, আপনি জানেন যে নৌকাটি ডুবে যাবে, যখন তিনি সেই জলপ্রপাতে প্রবেশ করবেন, আপনি কি বলবেন, "যোহন, আপনার, হয়তো আপনার কিছুক্ষণ চিন্তা করা উচিত, হয়তো আপনি এটা করতে পারবেন না" ? যদি আমি জানি যে তিনি তা করতে পারবেন না, আমি তাকে প্রায় নৌকা থেকে বের করে নিয়ে আসবো, যদি আমি সেটি করতে পারি, কারণ প্রেমই তা করে।

25 আর এখন, এই বার্তাগুলিতে, আমি যে কথা বলি, আমি কখনই কোন মতবাদ ইত্যাদি আনার চেষ্টা করি না। আমি—আমি এটা আমার নিজের মণ্ডলীতে করি। কিন্তু এখানে পুরুষ এবং মহিলাদের মধ্যে যারা ভিন্ন ধর্মসম্প্রদায় এবং ভিন্ন ধারণার, আমি একটি মৃদু আকারে নেওয়ার চেষ্টা করি, ব্যাখ্যা করি; কিন্তু যেখানে যথেষ্ট, আপনি যদি ঈশ্বরের আত্মা থেকে জন্মগ্রহণ করেন, আমি বিশ্বাস করি আপনি বুঝতে পারবেন আমি কি বলতে চাইছি, খ্রিস্টান পুরুষদের মধ্যে, মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিট্যারিয়ান, আরও অনেকে।

26 এখন, আজ রাতে, আমি আদিপুস্তক, ২৪ অধ্যায়ে যেতে চাই। আমি পাঠ করতে চাই...আদিপুস্তক ২৪ অধ্যায়ের ১২ পদ থেকে শুরু করে।

> *এবং কহিলেন, হে সদাপ্রভু...আমার কর্ত্তা অব্রাহামের ঈশ্বর, বিনয় করি, অদ্য আমার সম্মুখে শুভফল উপস্থিত করুন, আমার প্রভু অব্রাহামের প্রতি দয়া করুন।*
>
> *দেখুন, আমি এই সজল কূপের নিকটে দাঁড়াইয়া আছি; এবং এই নগরবাসীদের কন্যাগণ জল তুলিতে বাহিরে আসিতেছে:*

*অতএব যে কন্যাকে আমি বলিব, আপনার কলশ নামাইয়া আমাকে জল পান করাউন; সে যদি বলে, পান করুন, আপনার উষ্ট্রদিগকেও পান করাইব: তবে আপনার দাস ইস্‌হাকের জন্য আপনার নিরূপিত কন্যা সেই হউক; ইহাতে আমি জানিব যে, আপনি আমার প্রভুর প্রতি...দয়া করিলে।*

27 আর তারপর প্রকাশিত বাক্যে। এটা বাইবেলের প্রথম, আদিপুস্তক। এখন, বাইবেলের শেষাংশে, আমি প্রকাশিত বাক্যর ২১ অধ্যায়ের ৯ পদটি পাঠ করতে চাই।

28 আমরা এখানে আদিপুস্তকের এই বাক্যটি জানি...আপনি যদি চান তবে পুরো অধ্যায়টি পড়ুন। এটা ঈশ্বর ইলীয়েষরকে পাঠাচ্ছেন। অথবা, অব্রাহাম ইলীয়েষরকে পাঠাচ্ছেন, আমাকে ক্ষমা করুন, ইস্‌হাকের জন্য একটি পাত্রী নির্বাচন করার জন্য। আর সুন্দরী রিবিকা বেরিয়ে এলেন, আর সেই প্রার্থনার নিখুঁত উত্তরে যা—যা ইলীয়েষর, অব্রাহামের দাস, সবেমাত্র প্রার্থনা করেছিলেন।

এখন প্রকাশিত বাক্যর ২১ অধ্যায়ের ৯ তম পদে।

*আর যে সপ্ত দূতের কাছে সপ্ত শেষ আঘাতে পরিপূর্ণ সপ্ত বাটি ছিল, তাঁহাদের মধ্যে এক দূত আসিলেন, আর আমার সঙ্গে আলাপ করিয়া কহিলেন, আইস, আমি তোমাকে সেই কন্যাকে, মেষশাবকের ভার্য্যাকে দেখাই।*

29 আজ রাতে, এখন আমি একটি বিষয় নিতে চাই: *একজন বধূকে বেছে নেওয়া।* আর এটি, যদি আমার ভাই ইচ্ছা করেন যিনি এখানে রেকর্ড করেন, এটি সেই টেপ যা আপনি বিতরণ করতে পারেন।

30 আর এখন, এটি, এর অর্থ এই নয় যে আমি উপস্থিত এই মণ্ডলীর সাথে এটি বলছি, কিন্তু এই টেপগুলি বিশ্বজুড়ে যায়। তারা ব্যবহারিকভাবে, ওহ, অনেক ভাষায় অনূদিত হয়, এমনকি বিশ্বজুড়ে অখ্রিস্টান দেশেও। আমরা তাদের টেপ পাঠাই, বিনামূল্যে, গির্জার সমিতিতে। আর সেগুলো অনুবাদ করা হয়। আর আফ্রিকার জঙ্গলের মধ্য দিয়ে, এবং ভারতে, এবং বিশ্বজুড়ে, এই টেপগুলি যায়।

এখন, একজন বধূকে বেছে নেওয়া!

31 জীবনের অনেক বিষয়ে আমাদের একটি পছন্দ দেওয়া হয়। জীবনের পথ, স্বয়ং, একটি পছন্দ। আমাদের নিজস্ব পথ তৈরি করার, আমাদের নিজস্ব পথ বেছে নেওয়ার অধিকার আমাদের আছে, যাতে আমরা জীবনযাপন করতে চাই।

32 শিক্ষা একটি পছন্দ। আমরা শিক্ষিত হব কিনা তা বেছে নিতে পারি, অথবা আমরা অশিক্ষিত থাকতে পারি। এটি একটি পছন্দ যা আমাদের কাছে রয়েছে।

33 সঠিক এবং ভুল হল একটি পছন্দ। প্রতিটি পুরুষ, প্রতিটি মহিলা, ছেলে এবং মেয়ে, তারা সঠিকভাবে জীবনযাপন করার চেষ্টা করবে, না, বেঠিকভাবে জীবনযাপন করবে, তা তাদের বেছে নিতে হয়। এটা একটি পছন্দ।

পছন্দ একটি বড় বিষয়।

34 আপনার অনন্ত গন্তব্য একটি পছন্দ। আর হতে পারে, আজ রাতে, আপনাদের মধ্যে কেউ কেউ সেই—সেই পছন্দ চয়ণ করবেন, যেখানে আপনি অনন্তকাল কাটাবেন, এই সভা আজ রাতে শেষ হওয়ার আগে। এমন একটি সময় আসবে, যে, আপনি যদি ঈশ্বরকে অনেকবার প্রত্যাখ্যান করেন, এমন সময় আসবে যখন আপনি শেষবার তাকে প্রত্যাখ্যান করবেন। করুণা এবং বিচারের মধ্যে একটি রেখা রয়েছে। আর একজন পুরুষ অথবা একজন মহিলা, ছেলে অথবা মেয়ের পক্ষে, সেই লাইনটি অতিক্রম করা একটি বিপজ্জনক বিষয়, কারণ আপনি যখন সেই সময়সীমা অতিক্রম করেন তখন কোন প্রত্যাবর্তন নেই। তাই, আজ রাত, এটা সেই সময় হতে পারে যখন অনেকেই তাদের—তাদের সিদ্ধান্ত গ্রহণ করবেন, যেখানে তারা অন্তহীন অনন্তকাল কাটাবেন।

35 আমাদের জীবনে আরেকটি পছন্দ রয়েছে, সেটি হল, জীবনের সঙ্গী। একজন যুবক অথবা যুবতী, জীবনের পথে বেরিয়ে, তাকে—তাকে একটি পছন্দ করার অধিকার দেওয়া হয়েছে। যুবকরা পছন্দ করেন। যুবতীদের এটি গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার রয়েছে। কিন্তু এটি এখনও একটি পছন্দ, উভয়ের ক্ষেত্রে। পুরুষ এবং মহিলা উভয়ের, তাদের পছন্দ করার অধিকার রয়েছে।

এছাড়াও, একজন খ্রিস্টান হিসাবে আপনার একটি পছন্দ রয়েছে।

36 আপনার কাছে মণ্ডলীর একটি পছন্দ রয়েছে, এখানে আমেরিকাতে, যেখানে আপনি যেতে পারেন। আপনি যে গির্জার অন্তর্গত হতে চান তা বেছে নিতে পারেন, এটি আপনার নিজস্ব আমেরিকান বিশেষাধিকার। এটি একটি পছন্দ। আপনি যদি না চান তবে আপনাকে তাদের কোনটিতেও যেতে হবে না। কিন্তু আপনি যদি মেথডিস্ট থেকে ব্যাপটিস্টে, অথবা ক্যাথলিক থেকে প্রোটেস্ট্যান্টে, অথবা অন্য কিছুতে পরিবর্তন করতে চান, সেখানে

কেউ আপনাকে বলতে পারে না বা আপনাকে কোনো নির্দিষ্ট গির্জায় যেতে বাধ্য করতে পারে না। এটাই আমাদের—এটাই আমাদের স্বাধীনতা। এটাই আমাদের গণতন্ত্র। প্রতিটি মানুষ নিজের জন্য চয়ন করতে পারেন। ধর্মের স্বাধীনতা, এবং এটি একটি—একটি ভালো বিষয়। যতক্ষণ সম্ভব এটি রাখতে ঈশ্বর আমাদের সাহায্য করুন।

37 আপনারও একটি পছন্দ আছে। কিনা...যখন আপনি এই গির্জাটি বেছে নেন, আপনি চয়ন করতে পারেন যে আপনি, এই মণ্ডলীতে, আপনি একটি গির্জা বেছে নিবেন কিনা যা আপনাকে আপনার অনন্ত গন্তব্যে পথ দেখাবে। আপনি এমন একটি গির্জা বেছে নিতে পারেন যার একটি নির্দিষ্ট ধর্মমত রয়েছে, আপনি ভাবতে পারেন, আপনি যা চান, এটি সেই ধর্মমত। অথবা, অন্য মণ্ডলীর তাদের ধর্মমত রয়েছে।

38 আর সেখানে ঈশ্বরের বাক্য রয়েছে, আপনার পছন্দ। আপনাকে পছন্দটি করতে হবে।

আমাদের মধ্যে একটি অলিখিত আইন আছে, নির্বাচন করার জন্য।

39 আমি বিশ্বাস করি তিনি এলিয় ছিলেন, এক সময়, কর্ম্মিল পর্বতে উঠেছিলেন, মুখোমুখি আসার পরে, সঙ্কটের একটি সময়ে, যেখানে আমরা এখনই প্রবেশ করতে চলেছি। আর সম্ভবত, এটি আপনি অথবা আমি হতে পারি, আজ রাতে, যে আমরা সেই পছন্দটি করব, যেমন কর্ম্মিল পর্বতে অভিজ্ঞতা হয়েছিল। সত্যি বলতে, আমি মনে করি এটা এখন বিশ্বব্যাপী চলছে। কিন্তু শীঘ্রই এমন একটি সময় আসবে যেখানে আপনাকে একটি পছন্দ করতে হবে।

40 আর আপনারা এখানে, আপনাদের ধর্মসম্প্রদায়ের মণ্ডলীর লোকেরা, শুধু এটা বিশ্বাস করুন, যে সেই সময়টি আপনার জন্য চলে এসেছে, যখন আপনি একটি পছন্দ করবেন। আপনি হয় বিশ্ব পরিষদে চলে যাবেন, অথবা আপনি আর ধর্মসম্প্রদায়ে থাকবেন না। আপনাকে সেটা করতে হবে, আর সেই পছন্দটি শীঘ্রই আসছে।

41 আর সেই শেষ সময় পর্যন্ত অপেক্ষা করাও একটি বিপজ্জনক বিষয়, কারণ আপনি এমন কিছু গ্রহণ করতে পারেন যা আপনি কখনই ঝেড়ে ফেলে বেরিয়ে আসতে পারবেন না। আপনারা জানেন, এমন একটি সময় আছে যখন আপনাকে সতর্ক করা যেতে পারে, তারপর, আপনি যদি সতর্কতার সেই রেখাটি অতিক্রম করেন, তখন আপনি অন্য দিকে চিহ্নিত হয়ে যান, মার্কায়িত।

42 মনে রাখবেন, যখন জয়ন্তীর সেই বছর আসে, আর যাজক—যাজক তার তূরীর সঙ্গে অশ্বারোহণ করেন, যেন প্রত্যেক ক্রীতদাস মুক্ত হতে পারে। কিন্তু যদি তারা তাদের স্বাধীনতা গ্রহণ করতে অস্বীকার করে, তখন তাকে মন্দিরে, একটি স্তম্ভে নিয়ে যাওয়া হয়, আর একটি ছুঁচ তার কানের মধ্য দিয়ে প্রবেশ করানো হয়, আর তারপর থেকে তাকে সারা জীবন তার প্রভুর সেবা করতে হয়। এটা তার কানে এক প্রকার হিসাবে রাখা হয়, শ্রবণশক্তির রুপে। "শ্রবণের দ্বারা বিশ্বাস আসে।" সে সেই তূরীর শব্দ শুনেছিল, কিন্তু সে তা শুনতে চায়নি।

43 আর অনেক সময়, পুরুষ এবং মহিলারা ঈশ্বরের সত্য বাক্য শুনে, এবং এটি প্রকাশিত এবং সত্য প্রমাণিত হতে দেখে, কিন্তু তবুও তারা এটা শুনতে চায় না। সেখানে অন্য কোন কারণ রয়েছে। সত্য এবং তথ্যের মুখোমুখি হওয়া ছাড়া তাদের কাছে অন্য কোন পছন্দ রয়েছে, তাই তাদের কান সুসমাচারের জন্য বন্ধ হতে পারে। তারা আর কখনো এটা শুনতে পাবে না। আপনাকে আমার পরামর্শ, যখন ঈশ্বর আপনার হৃদয়ের সাথে কথা বলেন, আপনি ঠিক তখনই সক্রিয় হন।

44 এলিয় তাদের একটি পছন্দ দিয়েছিলেন, যা তাদের উচিত: "তোমরা আজ স্থির কর, কাহার সেবা করিবে। যদি সদাপ্রভু ঈশ্বর হন, তবে তাঁহার অনুগামী হও। আর বাল যদি ঈশ্বর হয়, তবে তাঁহার অনুগামী হও।"

45 এখন, যেমন আমরা দেখি যে সমস্ত প্রাকৃতিক বিষয় হল এক প্রকার আধ্যাত্মিক বিষয়, যেমন আমরা আজ সকালে আমাদের পাঠের মধ্য দিয়ে গিয়েছিলাম, যেমন সূর্য এবং তার প্রকৃতি। সেটি ছিল আমার প্রথম বাইবেল। আমি বাইবেলের একটি পৃষ্ঠা পড়ার আগে, আমি ঈশ্বরকে জানতাম। কারণ, বাইবেল প্রকৃতির সর্বত্রে লেখা আছে, আর এটি ঈশ্বরের বাক্যের সাথে মিলে যায়: কিভাবে মৃত্যু, সমাধি, প্রকৃতির পুনরুত্থান; আর সূর্য উদিত হয়, অতিক্রম করছে, অস্ত যায়, মৃত্যু, পুনরায় উদিত হয়। এখানে অনেক কিছু আছে যা আমরা এই প্রকারে ব্যাখ্যা করতে পারি, ঈশ্বর প্রকৃতিতে, এই বার্তাটির জন্য আমাদেরকে তা ছেড়ে দিতে হবে।

46 এখন, যদি আধ্যাত্মিক, অথবা, প্রাকৃতিক বিষয় আধ্যাত্মিক বিষয়ের এক প্রকার হয়, তাহলে, আধ্যাত্মিকভাবে, বধূ, কন্যা, নির্বাচন করার এক প্রকার হল প্রাকৃতিকভাবে, একজন বধূকে বেছে নেওয়া।

47 এখন, এটি একটি গম্ভীর বিষয় যখন আমরা একজন স্ত্রী বেছে নিতে যাই, একজন পুরুষ, কারণ এখানে প্রতিজ্ঞা হল "মৃত্যু পর্যন্ত আমরা পৃথক হব না।" এভাবেই আমাদের এটা রাখা উচিত। আর আপনি ঈশ্বরের সামনে সেই প্রতিজ্ঞা করেন, শুধুমাত্র মৃত্যু আপনাকে পৃথক করবে। আর আমি মনে করি আমাদের উচিত... একজন পুরুষ তার সঠিক মনে, যিনি একটি ভবিষ্যতের পরিকল্পনা করছেন, তার সেই স্ত্রীকে খুব সাবধানে বেছে নেওয়া উচিত। আপনি কি করছেন তাতে সতর্ক থাকুন। আর একজন মহিলা স্বামী বেছে নিচ্ছেন, অথবা স্বামীর পছন্দ গ্রহণ করছেন, সে কি করছে সে বিষয়ে সত্যিই সতর্ক হওয়া উচিত, এবং বিশেষ করে এই দিনগুলিতে। একজন পুরুষের স্ত্রী বেছে নেওয়ার আগে চিন্তা করা এবং প্রার্থনা করা উচিত।

48 আমি মনে করি, আজ, কি হয়েছে...এখন এতগুলি বিবাহবিচ্ছেদের মামলা, আমরা আমেরিকাতে বিশ্বকে নেতৃত্ব দিই, বিবাহবিচ্ছেদের মামলার ক্ষেত্রে। আমরা বাকি বিশ্বকে নেতৃত্ব দিই। অন্য যে কোন দেশের চেয়ে এখানে বিবাহ বিচ্ছেদের সংখ্যা বেশি, এই জাতি, আর তাকে একটি খ্রিস্টান জাতি হওয়ার কথা ছিল, এবং ভাবা হয়েছিল। কি কলঙ্কের বিষয়, আমাদের বিবাহবিচ্ছেদ আদালতগুলি! আমি মনে করি, এর কারণ, কারণ পুরুষরা ঈশ্বরের কাছ থেকে দূরে চলে গেছে, আর মহিলারা ঈশ্বর থেকে দূরে চলে গেছে।

49 আর আমরা দেখতে পাই, যে, যদি একজন পুরুষ প্রার্থনা করেন এবং একজন মহিলা এই বিষয়ে প্রার্থনা করেন; শুধু সুন্দর চোখ, অথবা বড় শক্তিশালী বাহু, অথবা এইরকম, অথবা অন্য কোন জাগতিক স্নেহের দিকে না দেখে; কিন্তু প্রথমে ঈশ্বরের দিকে দেখেন, আর বলেন, "ঈশ্বর, এটা কি আপনার পরিকল্পনা?"

50 আমি মনে করি, আজ, স্কুলের মতো অনেক প্রতারণা হচ্ছে। যখন—যখন বাচ্চারা আসে, কোন সকালে, আশেপাশের অনেক বাচ্চারা, আমার সেই—সেই বন্ধুরা, কাছে এসে বলে, "ভাই ব্রানহাম, আপনি কি আমাদের জন্য প্রার্থনা করবেন? আমাদের আজ একটি—একটি পরীক্ষা আছে। আমি—আমি সারা রাত চেষ্টা করেছি, কিন্তু আমি মনে করি না যে আমি এটা—এটা নিষ্পত্তি করতে পারব। আমার জন্য প্রার্থনা করুন।" আমি মনে করি যে কোন স্কুলের বাচ্চা, যদি আপনি চান, যদি...আর কোন সকালে টেবিলে বাবা-মা, আপনারা বলতে পারেন, "মা, জনের আজ একটি পরীক্ষা আছে। আসুন এখন তার জন্য প্রার্থনা করি।" আমি

মনে করি এটি সেই সমস্ত কিছুকে পরাজিত করবে যা আপনি অন্য কোন পথে করতে পারেন, অথবা অন্য কারো কাগজের দিকে তাকিয়ে এবং প্রতারণা করে, আমি মনে করি, যদি আপনারা বেরিয়ে আসেন এবং এই বিষয়ে প্রার্থনা করেন।

51 আর যদি আমরা অধ্যয়ন করি যে আমরা যখন বিবাহ করতে যাচ্ছি তখন আমরা কী করছি, যখন আমরা আমাদের স্ত্রী নির্বাচন করি, আমাদের স্বামী, যদি আমরা এটি অধ্যয়ন করি! একজন মানুষের আন্তরিকভাবে প্রার্থনা করা উচিত, কারণ সে তার সমগ্র জীবন নষ্ট করতে পারে। মনে রাখবেন, প্রতিজ্ঞা হল "মৃত্যু পর্যন্ত আমরা পৃথক হব না," আর সে ভুল পছন্দ করে তার জীবনকে ধ্বংস করতে পারে। কিন্তু যদি তিনি জানেন, তিনি ভুল পছন্দ করছেন আর এমন একজন মহিলাকে বিয়ে করছেন যে তার স্ত্রী হওয়ার উপযুক্ত নয়, আর সে যেভাবেই হোক সেটা করে, তাহলে এটা তার দোষ। যদি সেই মহিলা একজন স্বামী গ্রহণ করেন আর জানেন যে তিনি তার স্বামী হওয়ার উপযুক্ত নন, তখন এটা আপনার নিজের দোষ, আপনি সঠিক এবং ভুল জানার পরে। সুতরাং, আপনার এটি করা উচিত নয় যতক্ষণ না আপনি পুঙ্খানুপুঙ্খভাবে প্রার্থনা করেন।

52 সেটি গির্জা বেছে নেওয়ার ক্ষেত্রেও প্রযোজ্য। এখন, আপনাকে অবশ্যই সেই মণ্ডলীর জন্য প্রার্থনা করতে হবে যেখানে আপনি সহভাগিতা করছেন। মনে রাখবেন, মণ্ডলীগুলি একটি আত্মা বহন করে।

53 এখন, আমি সমালোচনা করতে চাই না। কিন্তু আমি বুঝতে পারি যে আমি একজন বৃদ্ধ মানুষ, আর আমাকে এখান থেকে চলে যেতে হবে, কোন একদিনের মধ্যে। আর আমি আজ রাতে বা অন্য কোন সময় যা বলি তার জন্য আমাকে বিচারের দিনে উত্তর দিতে হবে। আর আমাকে, তাই, আমাকে আন্তরিক হতে হবে আর সত্যিকারের অপরাধী হতে হবে।

54 কিন্তু, আপনি একটি গির্জায় যান, আর আপনি যদি সেই গির্জার আচরণ দেখেন, আপনি কিছুক্ষণ পালককে দেখুন, আর আপনি সাধারণত দেখতে পাবেন যে মণ্ডলী পালকের মতো আচরণ করে। কখনও কখনও, আমি ভাবি আমরা পবিত্র আত্মার পরিবর্তে যেন একে অপরের আত্মা না পাই। আপনি এমন একটি স্থানে পৌঁছান যেখানে একজন পালক সত্যিকারের মৌলবাদী এবং তা অনুসরণ করছেন, আপনি খুঁজে পাবেন মণ্ডলীও সেই একই রকম। আমি আপনাকে একটি গির্জায় নিয়ে আসব যেখানে আমি পালককে দাঁড়িয়ে থাকতে দেখি, তার মাথা সামনে পিছনে ঝাঁকাচ্ছে।

আপনি মণ্ডলীকে দেখুন, তারাও একই কাজ করে। আপনি একজন পালককে নিন, যিনি যে কোন কিছু গ্রহণ করেন, সাধারণত সেই মণ্ডলী একই কাজ করবে। সুতরাং, যদি আমি একটি গির্জা বেছে নিই, আমি একটি প্রকৃত, মৌলিক, পূর্ণ সুসমাচার, বাইবেলের মণ্ডলী বেছে নিব, যদি আমি আমার পরিবারকে অন্তর্ভুক্ত করার জন্য একটিকে বেছে নিই। চয়ন করি। আমি দেখলাম...

55 ছেলেরা, অন্য দিন, ভাই শাকারিয়ানের ছেলে এবং তার জামাই, একজন যুবক, একজন গায়ক, একজন অতিশৌখিন ছেলের জন্য প্রার্থনা করতে আমাকে এখানে নিয়ে গিয়েছিলেন। ফিরে এসেছেন...ফ্রেড বার্কার, সেটি তার নাম ছিল, একটি ভ্রমণ যাত্রা থেকে ফিরে এসেছেন। আর তারা আমাকে ডেকেছিলেন, "ফ্রেড মারা যাচ্ছে।" আর তখন, আমি ঘরে প্রবেশ করার আগে, আরেকটি বার্তা আসে, "এখন তিনি হয়তো মারা গেছেন।" আর তিনি বলেছিলেন যে তার মস্তিষ্কে—মস্তিষ্কে রক্তক্ষরণ হয়েছে, আর তিনি পক্ষাঘাতগ্রস্ত হয়েছেন, আর—আর তিনি মারা যাচ্ছেন, আর তার স্ত্রী চেয়েছিলেন যেন আমি তার জন্য প্রার্থনা করি।

56 আর আমি ভাবলাম, "ওহ, যদি আমি উড়ার চেষ্টা করি, আমি সেখানে পৌঁছানোর আগে তিনি মারা যাবেন, আর এখন হয়তো মারা যেতে পারেন।" তাই, আমি দ্রুত কল করে ভদ্রমহিলাকে ফোনে পেলাম। আর—আর আমরা ফোনটি ফ্রেডের কানে লাগিয়ে দিলাম। তিনি গিলতে পারছিলেন না। তারা তাকে কৃত্রিম ভাবে খাওয়াচ্ছিল। আর যখন আমরা তার জন্য প্রার্থনা করলাম, তিনি বললেন, ইঙ্গিত করলেন, তার গলা থেকে এটি বের করার জন্য। তিনি খাবার খেতে পারছিলেন। ডাক্তাররা এটা বিশ্বাস করেননি। তারা এটা বের করেন, আর তিনি খাবার খেতে পারছিলেন। তিনি বসে পড়েন, অন্য দিন।

একটি গির্জা; একটি গির্জা নির্বাচন করা।

57 ফোন কল এসেছিল, কিছুক্ষণ আগে। আজ সকালে, আমার গির্জার একজন সদস্য, যিনি সত্যিই লুইসভিলের একজন ব্যাপটিস্ট মহিলা, তিনি আজ সকালে মারা যান। আর আমার মণ্ডলী, নিবেদিত পুরুষদের একটি প্রকৃত দল, নিজেদেরকে একত্রিত করে সেখানে চলে যান, দায়িত্ব গ্রহণকারী তাকে সুগন্ধিযুক্ত করার আগে, তার উপরে, প্রার্থনা করেন যতক্ষণ না তার মধ্যে জীবন ফিরে আসে। আর তিনি জীবিত আছেন, আজ রাতে। আমার গির্জার প্রাচীনরা, কেন, তাদের বিশ্বাস করতে শেখানো হয়েছে যে সব কিছু সম্ভব, আন্তরিকভাবে ঈশ্বরের কাছে আসুন।

সুতরাং, আপনাকে সঠিক পছন্দ চয়ন করতে হবে।

58 আবার, একজন পুরুষ যে ধরনের মহিলাকে বেছে নিবেন, সেটি তার উচ্চাকাঙ্ক্ষা এবং তার চরিত্রকে প্রতিফলিত করবে। যদি একজন পুরুষ ভুল মহিলাকে বেছে নেন, এটি তার চরিত্রকে প্রতিফলিত করে। আর তিনি নিজেকে কিসের সাথে বেঁধে রাখেন, তার মধ্যে কী আছে তা সত্যই দেখায়। একজন মহিলা, পুরুষের মধ্যে কি আছে তা প্রতিফলিত করে, যখন সে তাকে স্ত্রী হিসাবে বেছে নেয়। তার মধ্যে কি আছে এটা তা দেখায়। সে বাইরে যাই বলুক না কেন, সে কি বিয়ে করেছে তা দেখুন।

59 আমি একজন ব্যক্তির কার্যালয়ে যাই, আর তিনি বলেন যে তিনি একজন খ্রিস্টান; দেয়ালে চারপাশে পিন লাগানো, সেই পুরানো বুগি-উগি সঙ্গীত চলছে। তিনি কি বলেন তাতে আমার কিছু যায় আসে না। আমি তার সাক্ষ্য বিশ্বাস করি না, কারণ তার আত্মা সেই জগতের বিষয়গুলি ভোজন করে। ধরুন, যদি তিনি একজন নর্তকী মহিলাকে বিয়ে করেন, অথবা যদি তিনি একজন যৌন রানীকে বিয়ে করেন, অথবা একজন সুন্দরী, আধুনিক সংসারিক মহিলাকে ? এটা প্রতিফলিত করে, এটা দেখায় তার মনে কি আছে, তার ভবিষ্যৎ বাসস্থান কি হতে যাচ্ছে, কারণ তিনি তাকে তার সন্তানদের বড় করার জন্য নিয়ে গেছেন। আর সে যাই হোক না কেন, এইভাবে সে সেই সন্তানদের বড় করবে। সুতরাং, এটি সেই পুরুষের মধ্যে যা আছে তা প্রতিফলিত করে। একজন পুরুষ যিনি একজন মহিলাকে এইভাবে বেছে নেন, তিনি ভবিষ্যতের বিষয়ে কী ভাবছেন তা প্রকাশ করেন।

60 আপনি কি কল্পনা করতে পারেন একজন খ্রিস্টান এমন একটি কাজ করছেন ? না, মহাশয়। আমি পারি না। একজন সত্যিকারের খ্রিস্টান এই ধরনের সুন্দরী রানী, এবং নর্তকী মহিলা এবং যৌন রাণীদের সন্ধান করবেন না। তিনি খ্রিস্টান চরিত্রের সন্ধান করবেন।

61 এখন, আপনার কাছে সব কিছু থাকতে পারে না, সেখানে একটি মেয়ে থাকতে পারে যে সত্যিই সুন্দরী, আর অন্য মেয়েটি, হয়তো সে একজন, তার গুণাবলী *এর* চেয়ে ভালো দেখাচ্ছে, আর আপনাকে একটিকে অন্যটির জন্য ত্যাগ করতে হতে পারে। কিন্তু যদি তার একজন ভদ্রমহিলার মতো আচরণ না থাকে, অথবা একজন নারীর মতো, আর সে...সে সুন্দর হোক বা না হোক তাতে আমার কিছু যায় আসে না, ভালো হয় আপনি তার চরিত্রটি দেখুন, সে সুন্দর হোক বা না হোক।

62 এখন, কারণ, এটা হয়ে উঠছে, যদি একজন খ্রিস্টান একজন

স্ত্রী বেছে নেন, তার উচিত একজন প্রকৃত, পুনর্জন্মপ্রাপ্ত নারী বেছে নেওয়া, সে দেখতে যেমনই হোক না কেন। সে কেমন, এটি তাকে তৈরি করে। আর তারপর, আবার, এটি তার নিজের ঈশ্বরীয় চরিত্রকে প্রতিফলিত করে, আর তার মনে যা আছে এবং ভবিষ্যতে যা হতে চলেছে তার প্রতিফলিত করে, কারণ তার পরিবার এইরকম একজন মহিলা দ্বারা লালিত পালিত হবে, তার ঘরের ভবিষ্যৎ পরিকল্পনার জন্য।

63 যদি তিনি এই আধুনিক সংসারিক মহিলাদের, যৌন রানীদের মধ্যে একজনকে বিয়ে করেন, তাহলে তিনি কী আশা করতে পারেন? একজন মানুষ কি ধরনের ঘর আশা করতে পারে? যদি তিনি এমন একটি মেয়েকে বিয়ে করেন যার বাড়িতে থাকার এবং একটি বাড়ির যত্ন নেওয়ার জন্য যথেষ্ট নৈতিকতা নেই, আর অন্য কারো অফিসে কাজ করতে চায়, সে কেমন বাড়ি তত্ত্বাবধায়ক হবে? আপনার শিশুর যত্ন নেওয়ার জন্য লোক রাখতে হবে ইত্যাদি। এটা সত্য।

64 এখন, আমি এই আধুনিকতাবাদী রুচি বেশি পছন্দ করি না, মহিলাদের কাজ করা। যখন আমি এই মহিলাদের এই ইউনিফর্ম পরিধান করে, এই শহরে ঘুরে বেড়াতে দেখি, মোটরসাইকেলে, পুলিশ হয়ে, এটা যে কোন শহরের জন্য কলঙ্ক যারা একজন মহিলাকে এটা করতে দেন। দেখুন? দেখুন? যখন অনেক পুরুষ কর্মহীন, এটি আমাদের শহরের আধুনিক চিন্তাভাবনা দেখায়। এটা অবমাননা দেখায়। আমাদের সেই মহিলাদের বাইরে এইভাবে রাখতে হবে না। তাদের বাইরে সেখানে কোন কাজ নেই।

65 যখন ঈশ্বর একজন পুরুষকে স্ত্রী দিয়েছিলেন, তিনি তাকে সর্বোত্তম জিনিসটি দিয়েছিলেন যা তিনি তাকে দিতে পারেন, পরিত্রাণের বাইরে। কিন্তু যখন কোন স্ত্রী একজন পুরুষের স্থান নেওয়ার চেষ্টা করে, তখন সেই স্ত্রী আরও খারাপ জিনিস যা সেই পুরুষ পেতে পারে। এখন, সেটা ঠিক। দেখুন?

এখন আমরা সেই আধ্যাত্মিক প্রয়োগ দেখতে পাচ্ছি।

66 আমি—আমি জানি এটা খারাপ, আপনারা এটা খারাপ মনে করেন, কিন্তু এটা সত্য। এটা কতটা খারাপ সেটি আমরা চিন্তা করি না, আমাদের সত্যের মুখোমুখি হতে হবে। এটাই বাইবেল শিক্ষা দেয়। দেখুন?

67 এখন, আমরা এখানে স্পষ্টভাবে সেই আধ্যাত্মিক পরিকল্পনা দেখতে পাই, ঈশ্বরের পরিকল্পনা, তাঁর ভবিষ্যৎ বধূ সঙ্গে তাঁর

ভবিষ্যৎ গৃহের জন্য, এখন দৃশ্যমান হচ্ছে।

68 যদি একজন পুরুষ একজন যৌন রানীকে বিয়ে করেন, আপনি দেখতে পাবেন তিনি ভবিষ্যতের জন্য কী খুঁজছেন। যদি একজন পুরুষ এমন একজন মহিলাকে বিয়ে করেন যিনি বাড়িতে থাকবেন না, আপনি দেখতে পাবেন তিনি ভবিষ্যতে কি খুঁজছেন। আর আমি এক সময়...

69 এটা খুব খারাপ শোনাচ্ছে। এটা বলার জন্য আমি অনুভব করছি। আর আমি—আমি, সাধারণত, যদি আমি বিষয়টা বলার জন্য অনুভব করি, আমার এটা বলা উচিত। আর এটা সাধারণত ঈশ্বরের পথ।

70 আমি—আমি একজন পশুপালকের সঙ্গে যেতাম যার সঙ্গে আমি কাজ করতাম, গবাদি পশু ক্রয় করার জন্য। আর আমি লক্ষ্য করেছি যে বৃদ্ধ লোকটি নিলামে যাওয়ার আগে সর্বদা গাভীর মুখের দিকে তাকাতেন। তারপর তিনি তার মাথা ঘুরিয়ে এদিক ওদিক দেখতেন। আমি তাকে অনুসরণ করলাম, তাকে দেখলাম। আর তিনি তার উপরে নীচে দেখলেন, সে ঠিকঠাক দেখায় কিনা, আকারে। তারপর তিনি ঘুরে তার মুখের দিকে দেখলেন, আর কখন কখন তিনি মাথা নেড়ে সেখান থেকে চলে যেতেন।

আমি বললাম, "জেফ, আমি আপনাকে কিছু জিজ্ঞাসা করতে চাই।"

তিনি বললেন, "বলুন, বিল।"

71 আর আমি বললাম, "কেন আপনি সবসময় সেই গরুর মুখের দিকে দেখেন?" আমি বললাম, "সে দেখতে ঠিক লাগছে, একটি ভালো—ভালো গাভী।"

72 বললেন, "আমি তোমাকে বলতে চাই, বালক, তোমার অনেক কিছু শেখার আছে।" আর সে আমাকে বলার পর আমি—আমি সেটি বুঝতে পারলাম। বললেন, "সে কীভাবে তৈরি হয়েছে তাতে আমার কিছু যায় আসে না। সে মাংসল, সুঠাম হতে পারে। কিন্তু যদি সে তার মুখের দিকে সেই বন্য দৃষ্টিতে তাকিয়ে থাকে, তাহলে আপনি তাকে কখনই কিনবেন না।"

বললাম, "কেন, জেফ?"

73 "ঠিক আছে," বললেন, "প্রথম বিষয় হল," বললেন, "সে কখনই স্থির থাকবে না।" আর তিনি বললেন, "পরের বিষয় হল, সে কখনই তার বাছুরকে লালন-পালন করতে পারবে না।" আর বললেন, "তারা তাকে এখন একটি ঘের এর মধ্যে রেখেছে, সেই

কারণে সে মোটা। আপনি তাকে ছেড়ে দিন, সেই বন্য দৃষ্টি নিয়ে, সে নিজের মৃত্যুর দিকে দৌড়াবে।"

74 আমি বললাম, "আপনি জানেন, আমি কিছু শিখেছি। আমি বিশ্বাস করি এটা মহিলাদের ক্ষেত্রেও প্রযোজ্য।" ঠিক। ঠিক।

75 সেই বন্য, অপলক, সংসারিক নারীর চেহারা, তার থেকে দূরে থাকা ভালো, বালক, তার চোখের উপরে নীল রঙের জিনিস। আর আমি...আমি এটা চাই না। আমি মনে করি না যে সে একজন খ্রিস্টান হয়ে উঠছে। আমার কিছু যায় আসে না যে টেলিভিশন এবং পত্রিকা এটিকে কতটা সুন্দর বলেছে। এটা সবচেয়ে বীভৎস দেখায়, জঘন্য দৃশ্য যা আমি আমার জীবনে দেখেছি।

76 যখন আমি প্রথম দেখেছিলাম, এখানে ক্লিফটনের ক্যাফেটেরিয়ায়, একদিন সকালে, প্রাতঃরাশে...আমি কয়েকজন যুবতীকে আসতে দেখেছি। ভাই আরগানব্রাইট সবেমাত্র ভিতরে এসেছিলেন, আর আমি। আর তিনি নিচে চলে যান। আর আমি তাকালাম, আর সেই মেয়েটি ভিতরে প্রবেশ করে। আমি ভাবলাম, "ঠিক আছে, আমি—আমি—আমি—আমি জানি না।" আমি এটা আগে কখনও দেখিনি। এটা এক ধরনের ছিল। ওহ, দেখে মনে হচ্ছিল সে অসুস্থ ছিল, আপনারা জানেন, হাস্যকর। আমি—আমি মজা করার জন্য বলছি না, আমি—আমি এটা বলছি...আপনারা জানেন, আমি কুষ্ঠরোগ দেখেছি, আমি একজন ধর্মপ্রচারক, আমি সব ধরণের পাগলামো দেখেছি, আপনারা জানেন, কিভাবে... রোগ, আর আমি সেই যুবতীর কাছে গিয়ে তাকে বললাম, "আমি—আমি—আমি একজন সেবক, আমি—আমি অসুস্থদের জন্য প্রার্থনা করি। আপনি কি—আপনি কি চান যে আমি আপনার জন্য প্রার্থনা করি?" আর আমি এমন কিছু কখনো দেখিনি। আর তারপরে, এখানে আরও দুই বা তিনজন আসেন, ভিতরে প্রবেশ করেন। আমি তখন পিছিয়ে গিয়ে অপেক্ষা করতে থাকলাম।

77 আর ভাই আরগানব্রাইট আসেন, তাই আমি বললাম, "ভাই আরগানব্রাইট?" তিনি এখানে উপস্থিত থাকতে পারেন। আমি বললাম, "সেই মহিলার কি হয়েছে?" দেখুন?

আর তিনি বললেন, "সেটা, সেটা রং।"

78 আমি বললাম, "ঠিক আছে, আমার, আমার!" দেখুন? আমি ভেবেছিলাম তাদের তাকে কোথাও একটি পেস্টহাউসের মধ্যে রাখা উচিত, আপনারা জানেন, এটি অন্য মহিলাদের উপর ছড়িয়ে পড়া থেকে বিরত রাখার জন্য।

79 কিন্তু, আপনারা জানেন, যখন আপনি নির্বাচন করছেন তখন আপনাকে পরিকল্পনা করতে হবে, দেখতে হবে, প্রার্থনা করতে হবে। কারণ, আমরা এর দ্বারা, প্রতিশ্রুতির বাক্য দেখতে পাই। সেই নারী, একজন পুরুষ যাকে বধূ হিসাবে বেছে নেবেন, তার চরিত্র প্রতিফলিত করতে চলেছেন। এটি তার মধ্যে যা আছে তা প্রতিফলিত করে।

80 এখন, আপনি কি কল্পনা করতে পারেন একজন পুরুষ, পবিত্র আত্মায় পূর্ণ, এমন কিছু গ্রহণ করেন তার স্ত্রী হওয়ার জন্য? আমি—আমি—আমি এটা দেখতে পাচ্ছি না, ভাই। এখন, হয়তো আমি একজন পুরানো ব্যক্তি। কিন্তু, আপনারা জানেন, আমি—আমি এটা বুঝতে পারি না, দেখুন, লক্ষ্য করুন, কারণ এটি তার মধ্যে যা আছে তা প্রতিফলিত করতে যাচ্ছে। তিনি তাকে তার ভবিষ্যৎ গৃহ তৈরি করতে সাহায্য করতে যাচ্ছেন।

81 এখন, তারপর, যখন আমরা এখন ক্ষণিকের জন্য ফিরে আসি, আধ্যাত্মিক দিকে। আর যখন আপনি এমন একটি মণ্ডলী দেখতে পান যা পৃথিবীতে আছে, জগতের মতো কাজ করে, জগতের প্রত্যাশা করে, জগতে অংশগ্রহন করে, ঈশ্বরের আজ্ঞাগুলি গণনা করে যেন তিনি কখনও সেগুলি লিখেননি, তাহলে আপনি—আপনি কল্পনা করতে পারেন খ্রীষ্ট এমন একজন বধূ গ্রহণ করবেন না। আপনি কি আজ আধুনিক মণ্ডলীকে একজন বধূ হিসেবে গ্রহণ করার জন্য কল্পনা করতে পারেন? আমার প্রভু করেন না। আমি... আমি এটা খুব কমই দেখতে পাচ্ছি। না। মনে রাখবেন, এখন, একজন পুরুষ এবং তার স্ত্রী এক। আপনি কি এইরকম একজন ব্যক্তির সাথে নিজেকে একত্রিত করবেন? যদি আপনি করেন, এটা অবশ্যই আপনার উপর আমার বিশ্বাসকে এক প্রকার হতাশ করবে।

82 আর, তাহলে, ঈশ্বর নিজেকে এইরকম কিছুর সাথে যুক্ত করার বিষয়ে কি, একজন নিয়মিত ধর্মসম্প্রদায়ের বেশ্যা? আপনি কি মনে করেন তিনি এটা করবেন, "ভক্তির অবয়বধারী, কিন্তু তাহার শক্তি অস্বীকারকারী"? তিনি এটা কখনই করবেন না। সেই নারীর মধ্যে অবশ্যই তাঁর চরিত্র থাকতে হবে। প্রকৃত, সত্য, পুনঃজন্ম প্রাপ্ত মণ্ডলীর অবশ্যই সেই—সেই চরিত্র থাকতে হবে যা খ্রীষ্টের মধ্যে ছিল, কারণ স্বামী ও স্ত্রী এক। আর যদি যীশু শুধু তাই করেন যা ঈশ্বরকে খুশি করেন, তাঁর বাক্য পালন করেন এবং তাঁর বাক্য প্রকাশ করেন, তার স্ত্রীকে সেই একই ধরণের চরিত্রের হতে হবে। সে, কোনভাবেই, একটি ধর্মসম্প্রদায় হতে পারে না। কারণ, আপনি যতই "না" বলার চেষ্টা করুন না কেন, সে কোথাও একটি সমিতি

দ্বারা নিয়ন্ত্রিত, যারা তাকে বলে তাকে কি করতে হবে আর সে কি করতে পারে না, আর, অনেক সময়, সেটি সত্য বাক্য থেকে লক্ষ লক্ষ মাইল দূরে।

83 এটা খুবই খারাপ যে আমরা প্রকৃত পথপ্রদর্শক থেকে অনেক দূরে চলে গেছি, ঈশ্বর আমাদের মণ্ডলীর নেতৃত্ব দেওয়ার জন্য যাকে দিয়েছেন। তিনি কখনই রাষ্ট্রীয় প্রেসবিটারদের পাঠাননি। তিনি কখনও বিশপ, কার্ডিনাল, যাজক, পোপ পাঠাননি। তিনি মণ্ডলীর নেতৃত্ব দেওয়ার জন্য মণ্ডলীর জন্য পবিত্র আত্মাকে পাঠিয়েছিলেন। "পরন্তু তিনি, সত্যের আত্মা, যখন আসিবেন, তখন পথ দেখাইয়া তোমাদিগকে সমস্ত সত্যে লইয়া যাইবেন, আমি তোমাদিগকে যাহা যাহা বলিয়াছি, সে সকল স্মরণ করাইয়া দিবেন, এবং আগামী ঘটনাও তোমাদিগকে জানাইবেন।" পবিত্র আত্মাকে সেটি করতে হতো। এখন, আধুনিক মণ্ডলী এটা ঘৃণা করে। তারা এটা পছন্দ করে না, তাহলে সে কিভাবে খ্রীষ্টের বধূ হতে পারে ? আজকের লোকেরা একটি আধুনিক ধর্মসম্প্রদায় বেছে নিচ্ছে। তারা যা করে, তারা শুধু বাক্য সম্পর্কে তাদের দুর্বল বোধশক্তির প্রতিফলন করে।

84 আমি আঘাত করতে চাই না, কিন্তু আমি এটি যথেষ্ট গভীরে নিয়ে যেতে চাই যতক্ষণ না আপনি এটি দেখতে পান।

85 আমি অনেক দম্পতির বিয়ে দিয়েছি, কিন্তু এটা সবসময় আমাকে খ্রীষ্ট এবং তাঁর বধূর কথা মনে করিয়ে দেয়। কিছু সময় আগে আমি এখানে যে বিয়ে দিয়েছিলাম, এটি—এটি আমার জীবনের একটি অসামান্য বিষয় ছিল। এটা বেশ কয়েক বছর আগের কথা, যখন আমি একজন তরুণ সেবক ছিলাম।

86 আমার ভাই PWA তে—তে কাজ করছিলেন। আমি জানি না কেউ কখনও এটি মনে রেখেছে কিনা, এখনও, বা না, আমার মতো বয়স্ক কেউ। আর এটি ছিল একটি—একটি প্রকল্প যা সরকারের ছিল। আর আমার ভাই কাজ করেছিলেন, প্রায় ত্রিশ মাইল। তারা কিছু হ্রদ খনন করছিলেন, এটি সংরক্ষণের জন্য একটি প্রকল্প।

87 আর সেখানে একজন ছেলে কাজ করত, তার সঙ্গে, ইন্ডিয়ানাপলিস থেকে, প্রায়, ওহ, জেফারসনভিলের উপরে প্রায় একশ মাইল, যেখানে আমি—আমি বাস করি, অথবা বাস করতাম। আর সেখানে একজন...তিনি আমার ভাইকে বললেন, একদিন, তিনি বললেন, "ডক," তিনি বললেন, "আমি—আমি...আমি বিয়ে করতে যাচ্ছি, যদি আমার কাছে প্রচারককে দেওয়ার জন্য যথেষ্ট অর্থ থাকে।" তিনি বললেন, "আমার—

আমার লাইসেন্সের জন্য যথেষ্ট টাকা আছে, কিন্তু," বললেন, "আমার কাছে প্রচারককে দেওয়ার মতো পর্যাপ্ত অর্থ নেই।"

88 ডক বললেন, "ঠিক আছে, আমার ভাই একজন প্রচারক, আর—আর তিনি—তিনি আপনার বিয়ে দিতে পারেন।" তিনি বললেন, "তিনি কখনই লোকদের কাছ থেকে এই ধরনের কাজের জন্য কোন মূল্য আদায় করেন না।"

তিনি বললেন, "আপনি কি তাকে জিজ্ঞাসা করবেন তিনি আমাকে বিয়ে করিয়ে দিবেন কিনা ?"

89 ঠিক আছে, সেই রাতে আমার ভাই আমাকে জিজ্ঞাসা করেছিলেন। আমি বললাম, "যদি তিনি আগে কখনও বিবাহিত না হয়ে থাকেন, তাদের মধ্যে কোন একজন, আর তারা...সব ঠিক থাকে।"

তিনি বললেন, "ঠিক আছে, হ্যাঁ, আমি তাকে জিজ্ঞাসা করব।"

আর আমি বললাম, "যদি তা হয়, তাকে বলুন, চলে আসুন।"

90 যখন শনিবার চলে আসে আর ছেলেটি সেখানে আসেন। এটি আমার জন্য একটি বড় বিষয় ছিল, সবসময় এই দিকে ফিরে তাকানো। আমি...বৃষ্টিভেজা বিকেল, আর একটি পুরানো শেভ্রোলেট গাড়ি, হেডলাইটগুলি একটি গাঁটবন্দী তার দিয়ে লাগানো ছিল, যা সামনে চলে যায়। আমি আমার স্ত্রীকে হারিয়ে ফেলার কিছুকাল পর, আর আমি নিজেকে একত্রিত করছিলাম, দুটি ছোট ঘর। আর—আর ডক সেখানে আমার সঙ্গে ছিলেন, তাদের জন্য অপেক্ষা করছিলেন।

91 আর—আর একটি ছেলে গাড়ি থেকে নামলেন, তিনি অবশ্যই আমার কাছে বরের মতো দেখতে মনে হচ্ছিলেন না, আমার কাছে, অথবা কারও কাছেও, আমি অনুমান করি। হ্যাঁ। আমি দেড় ডলারে এক জোড়া জুতা কিনতে পারতাম। আর তার একটি জোড়া ছিল, যায় শেষ হয়ে গিয়েছিল। আর তার ট্রাউজার সত্যিই ঢিলেঢালা ছিল। আর তার কাছে এইধরনের পুরানো চামড়ার জ্যাকেটগুলির মধ্যে একটি ছিল। আমি অনুমান করতে পারি না আপনাদের মধ্যে কোন বয়স্ক মানুষ সেটি মনে করতে পারেন। দেখে মনে হচ্ছিল এটি না ধুয়েই একটি ওয়াশিং মেশিন থেকে বেরিয়ে এসেছে, এটি রেখাযুক্ত, *এইভাবে* বাঁধা ছিল, আর কোণ পর্যন্ত।

92 আর একজন—একজন ভদ্রমহিলা পাশ দিয়ে বেরিয়ে এলেন, একটি, ওহ, তাদের মধ্যে কিছু ছককাটা পোশাক।

93 আমি জানি না। আমি একবার এই ধরনের পণ্যের নাম বলতে ভুল করেছি। গিংহাম, আমি বিশ্বাস করি এটা বলা হয়েছে। আর তাই এটি ছিল একটি...[মণ্ডলী হাসে—সম্পাদকীয়।] আমি আবার ভুল বলেছি। আমি—আমি সবসময় তাই করছি। আর আমি বললাম...

94 তিনি গাড়ি থেকে নামলেন, আর তারা সিঁড়ি বেয়ে উঠে আসেন। আর—আর যখন তারা ভিতরে প্রবেশ করেন, দরিদ্র মহিলাটি, তিনি...আমি অনুমান করি, তিনি, একটি স্কার্ট পরিধান করেছিলেন। তার কাছে কোন জুতা ছিল না। তিনি ইন্ডিয়ানাপলিস থেকে সাহায্য চেয়ে অন্যের গাড়িতে এসেছিলেন। পিছনে চুল ঝুলন্ত ছিল, পিছনে, লম্বা, তার পিঠের নীচে এক ধরণের বিনুনি করা ছিল। দেখতে যুবতী ছিলেন।

আর আমি তাকে বললাম, "আপনার কি বিয়ে করার জন্য যথেষ্ট বয়স হয়েছে?"

95 তিনি বললেন, "হ্যাঁ, মহাশয়।" আর তিনি বললেন, "আমার পিতা এবং মাতার কাছ থেকে আমার লিখিত অনুমতি আছে।" তিনি বললেন, "আমার লাইসেন্স পাওয়ার জন্য আমাকে এটা—এটা এখানকার আদালতে দেখাতে হয়েছিল।"

96 আমি বললাম, "ঠিক আছে।" আমি বললাম, "আমরা এই বিবাহ অনুষ্ঠানের আগে আমি আপনার সাথে একটু কথা বলতে চাই।" তারা বসল। ছেলেটি ঘরের চারপাশে তাকাতে থাকলেন; তার খুব চুল কাটা দরকার ছিল। আর তিনি ঘরের চারপাশে তাকাতে থাকলেন। তিনি আমার কথা শুনছিলেন না। আমি বললাম, "পুত্র, আমি চাই, আমি যা বলছি, তুমি তা শুনো।"

বললেন, "হ্যাঁ, মহাশয়।"

আর আমি বললাম, "তুমি কি এই মেয়েটিকে ভালোবাসো?"

তিনি বললেন, "হ্যাঁ, মহাশয়। আমি ভালোবাসি।"

আমি বললাম, "তুমি কি তাকে ভালোবাসো?"

"হ্যাঁ, মহাশয়। আমি ভালোবাসি।"

97 আমি বললাম, "এখন, বিয়ে করার পর তাকে নিয়ে যাওয়ার জন্য কোন স্থান কি আছে?"

বললেন, "হ্যাঁ, মহাশয়।"

98 আমি বললাম, "ঠিক আছে। এখন," আমি বললাম, "আমি আপনাকে কিছু জিজ্ঞাসা করতে চাই। আমি বুঝতে পারছি, আপনি এখানে এই PWA তে কাজ করছেন।"

আর তিনি বললেন, “হ্যাঁ, মহাশয়।” সেটা সপ্তাহে প্রায় বারো ডলার।

আমি বললাম, “আপনি কি মনে করেন আপনি তার জন্য জীবিকা নির্বাহ করতে পারবেন ?”

তিনি বললেন, “আমি যা করতে পারি তা আমি করব।”

99 আর আমি বললাম, “ঠিক আছে, সেটি ঠিক আছে।” আর আমি বললাম, “এখন, যদি তিনি বেরিয়ে আসেন...যদি তিনি এই চাকরি হারিয়ে ফেলেন, বোন ? আপনি কি করতে যাচ্ছেন, বাড়িতে ফিরে যাবেন, মা, বাবার কাছে ?”

তিনি বললেন, “না, মহাশয়। আমি তার সঙ্গে থাকতে যাচ্ছি।”

100 আর আমি বললাম, “মহাশয়, যদি আপনার তিন বা চারটি সন্তান থাকে, তাদের খাওয়ানোর জন্য কিছুই না থাকে, আর আপনার কাছে কোন কাজ না থাকে। আপনি কি করতে যাচ্ছেন, তাকে বিতাড়িত করে দিবেন ?”

101 বললেন, “না, মহাশয়। আমি ঠিক সংগ্রাম করব। আমরা এটা করব, যে কোনোভাবে।”

102 আমি ছোট অনুভব করলাম। আর আমি দেখতে পেলাম যে তিনি সত্যিই তাকে ভালবাসতেন, আর তারা একে অপরকে ভালবাসতেন। আমি তাদের বিয়ে করিয়ে দিই।

103 তারপর আমি ভাবলাম সে তাকে কোথায় নিয়ে গেছে। কয়েক দিন, আমি আমার ভাইকে জিজ্ঞাসা করলাম, ডক, তিনি কোথায়। তিনি বললেন, “নিউ আলবেনিতে যান,” আমাদের দক্ষিনে একটি ছোট শহরে।

104 আর নদীর ধারে, যেখানে আমার কিছু টিন বিছিয়ে রেখেছিলাম, যেখানে আমি প্রতিদিন যেতাম যখন আমি—আমি একজন লাইনম্যান ছিলাম। তাই যখন বাকি সহকর্মীরা, তারা সবাই চারপাশে বসে রসিকতা ইত্যাদি করতেন, আমি ট্রাকে উঠে নদীর তীরে গিয়ে প্রার্থনা করতাম, সেই সময়, সেখানে, আর আমার বাইবেল পাঠ করতাম, একটি বড় টিনের নিচে যেখানে পুরানো লোহার কাজ হত। সেখানে একগুচ্ছ পুরানো মালগাড়ি দাঁড়িয়ে ছিল।

105 আর এই ব্যক্তিটি সেখানে যান এবং তাদের মধ্যে একটি মালগাড়ি নিয়ে তাতে একটি দরজা কেটে ফেলেন। আর খবরের কাগজ আর আঙ্গুল পেরেক নিয়েছিলেন।

106 কতজন জানেন একটি আঙ্‌গুল পেরেক কি? তাহলে এখানে কোন কেন্টুকিয়ান নেই। এটি, পিচবোর্ডের একটি টুকরো নিন, এতে একটি আঙ্‌গুল পেরেক লাগিয়ে দিন, একটি ছোট পিন। আর তারপরে এটিকে আঙ্‌গুল দিয়ে চাপ দিন...এটি একটি আঙ্‌গুল পেরেক।

107 তাই, তারা এটি লাগিয়ে রেখেছিল। আর তিনি সেখানে লোহার কাজ করতে গিয়েছিলেন আর নিজের জন্য কিছু জিনিস নিয়ে এসেছিলেন, আর উপরে উঠার জন্য একটি ধাপ তৈরি করেছিলেন। আর কিছু পুরানো বাক্স নিয়ে, আর তার কাছে একটি টেবিল ছিল। আর আমি ভেবেছিলাম, একদিন, "আমি সেখানে গিয়ে দেখব কিভাবে তারা এগিয়ে যাচ্ছে।"

108 তার প্রায় ছয় মাস আগে, আমি ই. ভি. নাইটের মেয়েকে ই. টি. স্লাইডারের ছেলের সঙ্গে বিয়ে দিয়েছিলাম। ই. ভি. নাইট, ওহিও নদীর তীরে সেখানকার অন্যতম ধনী ব্যক্তি, আর, ওহ, সেখান দিয়ে বড় কারখানাগুলি চালনা করেন, এই প্রাক-নির্মিত ঘরগুলি তৈরি করেন, এবং আরও অনেক কিছু। আর—আর স্লাইডার, ই. টি. স্লাইডার, তারা হলেন বালি এবং পাথরের কোম্পানি, কোটিপতিদের সন্তান। আর আমি তাদের বিয়ে দিয়েছিলাম।

109 আর আমি একটি জায়গায় চলে গেলাম, প্রায় দুই সপ্তাহ ধরে অনুশীলন করলাম, আর একটি বুথে গিয়ে একটি বালিশে হাঁটু গেড়ে বসলাম। আর সমস্ত আড়ম্বর এবং সবকিছুর মধ্য দিয়ে আমি গিয়েছি, সেই দম্পতিকে বিয়ে দেওয়ার জন্য, প্রায়, সবকিছু অতিক্রম করতে হয়েছিল! আর যখন তারা বেরিয়ে আসেন, কেন, তারা ছিল...এই অন্য ছোট দম্পতি সেখানে একটি ছোট পুরানো ঘরে ছিল যেখানে একটি ছোট আরামকেদারা এবং একটি ভাঁজ করা বিছানা ছিল, কিন্তু তারা উভয় একই অনুষ্ঠান দ্বারা বিবাহিত হয়েছিল।

110 আর তারপর, একদিন, আমি ভাবলাম আমি সেখানে গিয়ে এই ধনী দম্পতির সাথে দেখা করব। তাদের কাজ করতে হত না, তাদের পিতারা কোটিপতি ছিলেন, তাদের জন্য একটি সুন্দর বাড়ি তৈরি করে দিয়েছিলেন। সত্যি বলতে, এই ই. ভি. নাইট, উপরে, এখানে পাহাড়ের উপরে, তার বড় প্রাসাদের উপর তার দরজার দরজার হাতল চৌদ্দ ক্যারেটের, যাতে আপনারা কল্পনা করতে পারেন তারা কোন ধরনের বাড়িতে ছিল। তাদের কাজ করতে হত না। তারা প্রতি বছর তাদের একটি সুন্দর ক্যাডিলাক গাড়ি উপহার দিত। আর, একমাত্র সন্তান, আর তাদের যা প্রয়োজন ছিল সবকিছু ছিল। যখন আমি একদিন সেখানে গেলাম...

111 এখন, আমি কিভাবে তাদের সাথে পরিচিত হয়েছি, তাদের এক বন্ধু আমার ভালো বন্ধু ছিলেন। আমরা সকলে একধরনের একত্রিত থাকতাম। আর এভাবেই আমি পরিচিত হই, যখন তারা আমাকে তাদের বিয়ে দিতে বলেছিলেন।

112 তাই আমি তাদের সঙ্গে দেখা করতে গেলাম। আমি আমার পুরানো ফোর্ড গাড়ির বাইরে বেরিয়ে আসি, বাইরে, আর সিঁড়ি বেয়ে উপরে উঠলাম। আর—আর আমি উপরে উঠলাম, একটু কাছে, আর আমি তাদের কথা শুনতে পেলাম। আর তারা সত্যিই ঝগড়া করছিল। তারা একে অপরের প্রতি ঈর্ষান্বিত ছিল। তারা একটি নাচে গিয়েছিল। তিনি খুব সুন্দরী মহিলা ছিলেন। আর তিনি এই সুন্দরী রাণীদের মধ্যে একজন ছিলেন। তিনি সেখানে অনেক পুরষ্কার পেয়েছিলেন, এবং সুন্দরী হওয়ার জন্য কিছু গাড়ি ইত্যাদি জিতেছিলেন। আর আমি তাদের দিকে তাকালাম, আর একজন এক কোণে আর অপরজন অন্য কোণে বসে ছিলেন, কোন ছেলের সাথে তিনি নাচ করেছিলেন, অথবা কোন মেয়ের সাথে, তা নিয়ে ঝগড়া করছিলেন।

113 যখন আমি উপরে উঠি, তারা দ্রুত লাফিয়ে উঠে মেঝেতে একে অপরকে জড়িয়ে ধরল, আর তাদের—তাদের হাত, মেঝের উপর দিয়ে, দরজার দিকে হেঁটে আসেন। বললেন, "হ্যালো, ভাই ব্রানহাম, কি হয়েছে! আপনি কেমন আছেন?"

বললাম, "সব ঠিক আছে। তোমরা কেমন আছো?"

114 আর, "ওহ," তিনি বললেন, "আমি—আমি...আমরা খুব খুশি। আমরা তাই নয় কি, প্রিয়?"

আর সে বলল, "হ্যাঁ, প্রিয়।" দেখুন?

115 এখন, আপনারা দেখুন, আপনারা এমন কিছু পরিধান করছেন যা বাস্তবিক নয়। এখন, আপনি একটি আগুনের চিত্র দ্বারা তপ্ত হতে পারেন না, যেমন এই গির্জাগুলি পেন্টিকোস্ট চিত্র আঁকার চেষ্টা করছে, এমন কিছু যা হাজার বছর আগে অথবা দুই হাজার বছর আগে ঘটেছিল। আপনি একটি চিত্র করা আগুন দ্বারা তপ্ত হতে পারবেন না। পেন্টিকোস্ট তখনকার মতো আজও বাস্তব। দেখুন? হ্যাঁ। আগুন এখনও নেমে আসছে। এটি একটি অঙ্কন করা আগুন নয়। এটা সত্যিকারের আগুন।

116 তাই, তারা, ঠিক সেখানে তারা ছিল। দেখুন? আমি—আমি এভাবে বাঁচতে চাই না।

117 "ওহ," আমি ভাবলাম, "আপনারা জানেন, সেখানে পাহাড়ের উপরে, নদীর উপরে, সেখানে এই অন্য দম্পতি ছিলেন।" আমি ভাবলাম, "এক শনিবার বিকেলে আমি সেখানে গিয়ে দেখব যে তারা কেমন আছে।"

118 তাই আমি, মুখ নোংরা অবস্থায়, আর নোংরা কাপড়ে, আমার যন্ত্রপাতি জন্য। আমি ভাবলাম, "আমি তাদের সেখানে যাব।" আমি এমনভাবে গেলাম, যেন আমি পরীক্ষা করছি, বজ্রপাতের দ্বারা বা অন্য কিছু দ্বারা বিদ্যুতের অন্তরকের মধ্যে ফাটল হয়েছে কিনা, আর যখন আমি টেলিফোনের তারের পাশ দিয়ে হাঁটছিলাম, নদীর ধারে বৈদ্যুতিক তার বরাবর। আর সেখানে পুরানো শেভ্রোলেট গাড়িটি, সামনে সেখানে ছিল। প্রায় এক বছর পর, আমি তাদের বিয়ে দেওয়ার পরে। আর সেখানে একটি—একটি...দরজা খোলা ছিল, আর আমি তাদের কথা বলতে শুনতে পাচ্ছিলাম। এটি একটি ভণ্ডের মতো শোনাচ্ছে, কিন্তু আমি যথেষ্ট কাছাকাছি গিয়েছিলাম যতক্ষণ না আমি শুনতে পাই, শোনার জন্য তারা কি বলছে। সেখানে দাঁড়ালাম। আমি শুধু জানতে চাই, নিজের জন্য।

119 আমি খুঁজে বের করতে চাই এবং নিশ্চিত হতে চাই যে আমি জানি, আমি কোন বিষয়ে কথা বলছি। ঈশ্বরের বাক্য সম্পর্কে আমি এইরকমই করি। এটা কি সত্য, নাকি এটা সত্য নয় ? তিনি কি তাঁর বাক্য রাখেন, নাকি তিনি তাঁর বাক্য রাখেন না ? তিনি তাঁর বাক্য রাখেন না, তাহলে তিনি ঈশ্বর নন। দেখুন ? তিনি তাঁর বাক্য রাখেন, তিনি ঈশ্বর। দেখুন ?

120 আর তাই আমি দেখতে চাই তারা কিভাবে এগিয়ে যাচ্ছে। আর আমি পাশ দিয়ে চুপচাপ গেলাম, খুব আস্তে। আমি তাকে বলতে শুনলাম, "ওহ, প্রিয়, আমি সত্যই তোমার জন্য এটা আনতে চেয়েছিলাম।"

121 তার স্ত্রী বলল, "এখন, দেখো, প্রিয়।" তার স্ত্রী বলল, "এই পোশাকটি ঠিক আছে।" তার স্ত্রী বলল, "কেন, এটা ঠিক আছে।" বলল, "আমি এটা পছন্দ করি। কিন্তু তুমি দেখো..."

122 আমি আস্তে সেখানে গেলাম, যাতে আমি ফাঁক দিয়ে ভিতরে দেখতে পারি, সেখানে মালগাড়ীর দরজাটি খোলা ছিল। আর সেখানে তিনি ছিলেন, সেখানে বসে ছিলেন, তার স্ত্রীকে কোলে নিয়ে; তার হাত দিয়ে তার স্ত্রীকে জড়িয়ে ধরে, আর তার স্ত্রী তাকে জড়িয়ে ধরে। আর তার কাছে এই পুরানো টুপিগুলির মধ্যে একটি ছিল, আর একটি ছোট ছিদ্র করে, এটি নীচে করে, উপরে, আর

তার বেতনের চেক বের করেন, তাতে। তিনি—তিনি এটা টেবিলের উপর রেখেছিলেন। বললেন, “মুদিখানার জন্য *এতো*। বীমার জন্য *এতো*। আর গাড়িতে *এতো*।” আর তারা তাদের প্রয়োজন পূরণ করতে পারেনি। খুঁজে পান যে, তিনি সেখানে একটি জানালায় একটি পোশাক দেখেছিলেন, কয়েক সপ্তাহ ধরে এটির দিকে তাকিয়ে ছিলেন, যার জন্য একটি ডলারের মতো খরচ হয়। তিনি এটা ক্রয় করতে চেয়েছিলেন। বললেন, “ঠিক আছে, প্রিয়, তোমাকে এতে খুব সুন্দর দেখাবে।” আর তিনি বললেন...

123 তার স্ত্রী বলল, “কিন্তু, প্রিয়, আমার—আমার একটি পোশাক আছে। আমার—আমার সত্যিই এর দরকার নেই।” দেখুন? আর সেই রানী...

124 আর আমি পিছিয়ে গেলাম, আর উপরের দিকে তাকালাম। আমি দেখতে পাচ্ছিলাম অন্য—অন্য বাড়ির উপরের চূড়াটি। আমি সেখানে দাঁড়িয়ে কয়েক মিনিট দেখলাম। আমি ভাবলাম, “কে সেই ধনী ব্যক্তি?” আমি ভাবলাম, “যদি, বিল ব্রানহাম, যদি আপনি কোন স্থান নিতে চান, আপনি কোথায় যাবেন?” আমার জন্য, আমি সেই সুন্দর জিনিসটি পাহাড়ের চূড়ায় গ্রহণ করব না। আমি এই চরিত্রটি এখানে গ্রহণ করব, একজন প্রকৃত গৃহবধূ হিসাবে, এমন কেউ যিনি আমাকে ভালোবাসেন এবং আমার সাথে থাকেন, এমন কেউ যিনি একটি গৃহ তৈরি করার চেষ্টা করেন; এবং সবকিছুর জন্য আপনার রক্তপাত করেন না, ব্যয়বহুল পরিধানের জন্য; আর এমন কেউ যিনি আপনার সাথে থাকেন, আপনার অংশ।

125 এটা সবসময় আমার সাথে আটকে আছে, সেটি কেমন ছিল। একজন সুন্দরী মেয়ে বেছে নিলেন, অন্যজন চরিত্র বেছে নিলেন। এখন, এভাবেই আপনি এটা বেছে নিতে পারেন। প্রথমত, চরিত্রের সন্ধান করুন; আর তারপর, যদি আপনি তাকে ভালবাসেন, ঠিক আছে।

126 লক্ষ্য করুন, ঈশ্বরের প্রথম আদমের কাছে তার স্ত্রীর জন্য কোন বিকল্প ছিল না। তার পছন্দ করার কোন বিকল্প ছিল না। ঈশ্বর তাকে শুধু একজন বানিয়েছিলেন, আর তিনি তার স্ত্রীকে বেছে নিতে পারেননি। আমরা খুঁজে পাই যে তার স্ত্রী তাকে ঈশ্বরের বাক্য থেকে বিপথগামী করেছিলেন। তিনি এই বিষয়ে প্রার্থনা করতে পাননি। তিনি—তিনি—তিনি আপনার এবং আমার মতো নয়। তিনি কোন পছন্দ করতে পারেন নি। আবার, সেটা করার মাধ্যমে, তার স্ত্রী তাকে, তার সঠিক স্থান ঈশ্বরের পুত্র থেকে, বাইরে নিয়ে আসেন। আর তিনি তাকে আরও আধুনিক জীবনযাপনের উপায় দেখিয়ে

এটি করেছিলেন, এমন কিছু যা তাদের সত্যিই করা উচিত হয়নি। কিন্তু তার চরিত্র দেখিয়েছিল যে সে ভুল ছিল। তার উদ্দেশ্যগুলি ভুল ছিল। আর তাকে রাজি করালেন, তার যুক্তির দ্বারা, যে আধুনিক নতুন আলো সে খুঁজে পেয়েছে, যা ঈশ্বরের বাক্যের বিপরীত ছিল, জীবনযাপন করার একটি ভালো উপায় ছিল।

127 আর আজ কত মহিলা, এবং এর তদ্বিপরীতে, পুরুষ, যিনি একজন ভালো মহিলাকে ঈশ্বরের কাছ থেকে দূরে টেনে নিয়ে যেতে পারেন, অথবা একজন ভালো পুরুষকে ঈশ্বরের কাছ থেকে দূরে টেনে নিয়ে যেতে পারেন, তাকে এই বলার চেষ্টা করে, "এই ধর্ম, তোমরা পেন্টিকোস্টাল ছেলেরা, সেই ধর্ম," তারা বলে, "ওহ, এটা পুরানো ধাঁচের, এটা কুয়াশাচ্ছন্ন, আপনারা সেটি বিশ্বাস করবেন না।" আপনি সেই মেয়েটিকে বিয়ে করার আগে প্রার্থনা করুন, সে কতটা সুন্দরী তা আমি চিন্তা করি না। একজন পুরুষের বিষয়েও একই জিনিস।

128 সে তাকে ঈশ্বরের ইচ্ছা থেকে প্ররোচিত করেছিল এবং তাকে এমন কিছু করতে বাধ্য করেছিল যা তার করা উচিত ছিল না, আর, এর দ্বারা, সমগ্র মানব জাতির মৃত্যু নিয়ে আসে। এই কারণেই বাইবেল তাকে শিক্ষা দিতে, অথবা প্রচার করতে, অথবা ঈশ্বরের বাক্য পরিচালনা করতে, যে কোনও উপায়ে নিষেধ করে।

129 আমি জানি, বোনেরা, আপনারা অনেকেই বলেন, "প্রভু আমাকে প্রচার করার জন্য ডেকেছেন।"

130 আমি আপনার সাথে তর্ক করতে যাচ্ছি না। কিন্তু আমি আপনাকে বলতে যাচ্ছি, বাক্য আপনাকে এটা করার জন্য না বলে। "উপদেশ দিবার কিম্বা কর্ত্তৃত্ব করিবার অনুমতি নারীকে দিই না, কিন্তু মৌনভাবে থাকিতে বলি।"

"ঠিক আছে," আপনারা বলেন, "প্রভু আমাকে এটা করতে বলেছেন।"

131 সেটি আমি একটুও সন্দেহ করি না। আপনি কি অন্য রাতে বিলিয়মের বিষয়ে আমার বার্তা শুনেছিলেন ? বিলিয়ম ঈশ্বরের কাছ থেকে প্রথমে, সোজা সিদ্ধান্ত পেয়েছিলেন, "এটা করো না।" কিন্তু তিনি বিভিন্ন ভাবে চেষ্টা করতে থাকেন যতক্ষণ না অবশেষে ঈশ্বর তাকে এটা করতে বললেন।

132 ঈশ্বর আপনাকে প্রচার করার অনুমতি দিতে পারেন। আমি বলি না তিনি দেননি। কিন্তু এটা তাঁর মূল বাক্য এবং পরিকল্পনা অনুযায়ী

নয়। "বরং যেমন ব্যবস্থাও বলে, তাহারা বশীভূতা হইয়া থাকুক।" এটা সত্য। অতএব, তার এটা করা উচিত নয়।

133 এখন, আবার লক্ষ্য করুন কিভাবে স্বাভাবিক বধূ আধ্যাত্মিক বধূকে এক প্রকার বর্ণিত করে। বাক্য বলে, যে, "স্ত্রীকে পুরুষের জন্য নির্ম্মাণ করা হয়েছিল, পুরুষকে তাহার জন্য নির্ম্মাণ করা হয়নি।"

134 এখন আমি কথা বলতে যাচ্ছি, আর কেন, কয়েক মিনিটের মধ্যে, খ্রীষ্টের বধূর বিষয়ে, কিন্তু আমি আপনাকে এর পটভূমি দেখানোর চেষ্টা করছি।

135 "স্ত্রীকে পুরুষের জন্য নির্ম্মাণ করা হয়েছিল, পুরুষকে স্ত্রীর জন্য নয়।" এই কারণেই, পুরানো নিয়ম অনুসারে, সেই বহুবিবাহ বৈধ ছিল। দেখুন দায়ূদ সেখানে পাঁচশো স্ত্রীর সঙ্গে বাস করছিলেন, আর বাইবেল বলে, "তিনি ঈশ্বরের আপন হৃদয়ের একজন মানুষ ছিলেন।" পাঁচশো স্ত্রীর সঙ্গে, আর শলোমন হাজার স্ত্রীর সঙ্গে, কিন্তু তাদের মধ্যে একজন স্ত্রীর অন্য কোন স্বামী থাকতে পারতো না।

136 আপনারা *বিবাহ এবং বিবাহবিচ্ছেদ* এর উপর আমার টেপটি নিয়ে নিন। সেটি, টুকসনের পাহাড়ের উপরে, এখানে খুব বেশি দিন আগে নয়, আমি সেখানে এই বিষয়ে প্রার্থনা করছিলাম। তারা বিদ্যালয় ছুটি দেয়, দেখার জন্য যে আগুনের স্তম্ভটি পাহাড়টিকে প্রদক্ষিণ করছে এবং একটি ফানেলের মধ্যে চলে যায়, সামনে এবং পিছনে, উপরে এবং নীচে। সেখানে, আশেপাশের লোকেরা এটা জানেন, এবং এটা দেখেছেন; এটা...যখন তিনি আমাকে এই বিবাহ এবং বিবাহবিচ্ছেদের প্রশ্নগুলির সত্যতা বলেছিলেন। যদি এক পক্ষ *এই* পথে যায়, আর অন্য পক্ষ *সেই* পথে যায়, সেখানে কোথাও একটি সত্য থাকতে হবে। সেই সপ্ত মুদ্রার পরে, তিনি দেখিয়েছিলেন এর সত্যতা কী।

137 লক্ষ্য করুন, এখন, একজন নারী একজন স্বামীর অধিক গ্রহণ করতে পারেন না, কারণ, "স্ত্রীকে পুরুষের জন্য নির্ম্মাণ করা হয়েছিল, পুরুষকে স্ত্রীর জন্য নয়।" সেই সকল পাঁচশো মহিলা কেবল দায়ূদের স্ত্রী ছিলেন, আর এটি একটি প্রতীক ছিল। যখন খ্রীষ্ট সহস্রাব্দে সিংহাসনে অধিষ্ঠিত হন, তখন তাঁর ভার্য্যা এক ব্যক্তি হবেন না, কিন্তু তারা হাজার হাজার হবে, বধূ, সকলে এক। আর দায়ূদের অনেক স্ত্রী ছিল, ব্যক্তিগতভাবে, কিন্তু তাদের সকলেই তার স্ত্রী ছিলেন। যেমন বিশ্বাসীদের সমগ্র দেহ হল খ্রীষ্টের বধূ, কারণ তিনি সেই স্ত্রী, সেই নারী। তিনি সেই পুরুষ ছিলেন। এখন, আমাদের খ্রীষ্টের জন্য তৈরি করা হয়েছে। খ্রীষ্টকে আমাদের জন্য তৈরি করা

হয়নি।

138 আজ আমরা আমাদের পাঠ্যপুস্তককে এটাই করার চেষ্টা করছি, বাক্যকে (যিনি হলেন খ্রীষ্ট) আমাদের উপযোগী করার চেষ্টা করছি, আমরা নিজেকে বাক্য অনুসারে তৈরি করার পরিবর্তে। সেটাই পার্থক্য।

139 যখন একজন পুরুষ একটি পরিবার থেকে একটি মেয়ে পছন্দ করেন, তখন তার সৌন্দর্যের উপর নির্ভর করা উচিত নয়, কারণ সৌন্দর্য প্রতারণা করে। আর সৌন্দর্য, আধুনিক জাগতিক সৌন্দর্য, শয়তানের থেকে আগত।

"ওহ," আমি সেখানে কাউকে বলতে শুনেছি, "এখানে সাবধান থাকুন, প্রচারক!"

140 আমি বলি যে এই পৃথিবীতে এই জিনিসগুলি, যাকে সুন্দর বলা হয়, সেটি সম্পূর্ণরূপে শয়তান থেকে আগত। আমি আপনাকে এটা প্রমাণ করব। তারপর, এই মন্তব্যের আলোকে, আসুন ঈশ্বরের পবিত্র বাক্য অনুসন্ধান করি, এটি সঠিক কিনা তা দেখার জন্য। আর আপনাদের মধ্যে কিছু মহিলারা খুব সুন্দরী হতে চান! এটা কোথা থেকে এসেছে দেখুন। আদিতে, আমরা দেখতে পাই যে শয়তান এত সুদর্শন ছিল যে সে স্বর্গদূতদের প্রতারিত করেছিল। আর সে ছিল তাদের সকলের মধ্যে সবচেয়ে সুদর্শন দূত। দেখায় যে এটি শয়তানের মধ্যে রয়েছে। হিতোপদেশ বলে, শলোমন বলেছেন, "সৌন্দর্য্য অসার।" সেটা ঠিক। পাপ সুন্দর। অবশ্যই, এটা। এটা আকর্ষণীয়।

141 আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই, এবং এখানে আপনাকে কিছু বলতে চাই। আমি চাই আপনারা কয়েক মিনিট লক্ষ্য করুন। পৃথিবীর সমস্ত প্রজাতির মধ্যে, পাখি, প্রাণী, আমরা দেখতে পাই যে প্রাণীদের জীবনে, মানুষের পাশাপাশি, পুরুষরা সুদর্শন হয়ে থাকেন, স্ত্রীরা নন। সেটা কেন? দেখুন...হরিণকে দেখুন, সেই—সেই সুন্দর বড় হরিণ তার শিং সহ, আর সেই ছোট শিং ছাড়া হরিণ। মুরগির—মুরগির দিকে দেখুন, ছোট, দাগযুক্ত মুরগি, আর বড় সুন্দর পালকযুক্ত মোরগ। পুরুষ পাখি এবং স্ত্রী পাখির দিকে দেখুন। ম্যালার্ড হাঁস এবং স্ত্রী হাঁসের দিকে দেখুন। দেখুন? আর পৃথিবীতে এমন কোন প্রজাতি নেই, যাকে তৈরি করা হয়েছে, যে প্রতারণা করতে পারে এবং একজন মহিলার মতো নিচু হতে পারে।

142 এখন, বোন, উঠে বাইরে যাবেন না। আমরা এর শেষ না শোনা পর্যন্ত অপেক্ষা করুন। দেখুন? দেখুন?

143 সেখানে অন্য কিছু নেই, একজন মহিলা ছাড়া আর কোন মহিলা নেই, যিনি অনৈতিক হতে পারেন। আপনি একটি কুকুরকে বলেন "একটি স্লাট," আপনি একটি শূকর বলেন "একটি—একটি স্ত্রী শূকর," কিন্তু, নৈতিকভাবে, তারা এখানকার অর্ধেক চলচ্চিত্র তারকাদের চেয়ে বেশি নৈতিকতা পেয়েছে। তারা নৈতিক ছাড়া আর কিছুই হতে পারে না।

144 আর সেই মহিলাই, সেই ব্যক্তি যাকে পরিবর্তন করা হয়েছিল, বিকৃতির জন্য। সেটা ঠিক। দেখুন সৌন্দর্য তাকে কোথায় নিয়ে যায় ? এখন, সেই কারণেই, আজ, আমরা দেখতে পাই যে মহিলাদের সৌন্দর্য বৃদ্ধি পাচ্ছে। আপনি পার্ল ব্রায়ানকে নিন, আপনি কি কখনও তার ছবি দেখেছেন ? আমেরিকার খুব সুন্দরী হওয়ার কথা। সেখানে স্কুলের কোন বাচ্চা নেই কোন স্কুল থেকে, যারা তাকে একটি—একটি পিছনের সারিতে রাখবে। আপনারা কি জানেন যে এটি এমন হওয়া উচিত ? আপনি কি জানেন বাইবেল এমন কথা বলে যে এটি এমনই হতে চলেছে ?

145 আপনারা কি জানেন মহিলাদের দ্বারা পতন শুরুতে এসেছিল ? আর পতন...শেষও একইভাবে হতে চলেছে, মহিলারা কর্তৃত্বে আসবে এবং পুরুষদের উপর শাসন করবে, এবং আরও অনেক কিছু। আপনারা কি জানেন শাস্ত্র এটা বলে ? আপনারা জানেন, যেদিন সে পুরুষের পোশাক পরিধান করে, এবং তার চুল বব করে, সেই সমস্ত বিষয়গুলি ঈশ্বরের বাক্যের বিপরীতে। আর আপনারা জানেন স্ত্রী মণ্ডলীর প্রতিনিধিত্ব করে ? যখন আপনারা দেখেন মহিলারা কি করছে, আপনারা দেখতে পাবেন মণ্ডলী কি করছে। সেটি একদম ঠিক। এখন, এখন, এটা ঠিক ততটাই সত্য যেমন ঈশ্বরের বাক্য সত্য।

146 অন্য কোন স্ত্রী তৈরি হয়নি, যে একজন নারীর মতো নীচে নামতে পারে। আর তবুও, এর মাধ্যমে, একটি তৈরী...

147 নারী আদি সৃষ্টিতে ছিলেন না। অন্য সব নারী আদি সৃষ্টিতে ছিল: পাখি, পুরুষ ও স্ত্রী; প্রাণী, পুরুষ ও স্ত্রী। কিন্তু, মানব জীবনে, ঈশ্বর শুধুমাত্র একজন পুরুষকে তৈরি করেছিলেন, আর তিনি তার মধ্য থেকে নিয়েছিলেন। আর একজন নারী একজন পুরুষের উপজাত, কারণ ঈশ্বর এই ধরনের বিষয় প্রতিষ্ঠা করেননি। শাস্ত্র অনুসন্ধান করুন। একদম ঠিক। ঈশ্বর, না, মহাশয়, তাঁর আদি সৃষ্টিতে। তাকে সেখানে বাইরে রাখা হয়েছিল।

148 কিন্তু যদি নারী নিজেকে ঠিক রাখতে পারে, তাহলে পুরুষের

চেয়ে তার বড় পুরষ্কার রয়েছে। তাকে পরীক্ষার স্থলে রাখা হয়েছে। তার মাধ্যমে মৃত্যু আসে। নারী সমস্ত মৃত্যুর জন্য দোষী। তখন ঈশ্বর ঘুরে দাঁড়ালেন এবং জীবনকে পুনরায় ফিরিয়ে আনার জন্য একজনকে ব্যবহার করলেন; নারীর মাধ্যমে তাঁর পুত্রকে নিয়ে আসেন, একজন বাধ্যজনের মাধ্যমে। কিন্তু খারাপ হল—সবচেয়ে খারাপ হলো; সেখানে এতো নীচ আর কেউ হতে পারে না।

149 শয়তানের পুত্র কয়িন ভেবেছিলেন যে ঈশ্বর সৌন্দর্যকে গ্রহণ করেছেন। সে আজ করে। কয়িন ছিল শয়তানের পুত্র। "ওহ, এখন!" আপনারা বলেন। আমরা এই বিষয়ে বিশদে যাব না, তবে আমাকে আপনার জন্য এটি নিষ্পত্তি করতে দিন। বাইবেল বলে যে সে "সেই মন্দের দ্বারা হইয়াছিল।" সুতরাং, সেটি এর নিষ্পত্তি করে। ঠিক আছে। এখন, সে শয়তানের পুত্র ছিল। আর সে ভেবেছিল যে, একটি বেদী নিয়ে এসে এবং এটিকে উপাসনার জন্য বাস্তবিক সুন্দর ভাবে সুবিন্যস্ত করলে, ঈশ্বর সেটিকে সম্মান করবেন।

150 তারা ভাবে, আজও একই কথা ভাবছে। অবশ্যই। এটি, "আমরা একটি বড় ভবন নির্মাণ করব। আমাদের বড় ধর্মসম্প্রদায় থাকবে। আমরা সবচেয়ে বড় ভবন তৈরি করব আর সবচেয়ে ভালো পোশাক পরিহিত লোক, সবচেয়ে সংস্কৃতিবান পাদ্রী তৈরি করব।" কখনও কখনও ঈশ্বর এটি থেকে দশ লক্ষ লক্ষ মাইল দূরে থাকেন। সেটা ঠিক। তবুও, এটি একটি গির্জা।

151 সুতরাং, যদি ঈশ্বর শুধু উপাসনা, আন্তরিকতা, বলিদানকে সম্মান করেন, তাহলে কয়িন ঠিক হেবলের মতোই ছিল। কিন্তু এটা প্রকাশের দ্বারা ছিল, তিনি বুঝতে পেরেছিলেন যে এটি আপেল নয় যা তার বাবা-মা খেয়েছিল।

152 আমি এখানে এমন কিছু বলতে যাচ্ছি যা একজন সেবকের জন্য ভালো শোনায় না, কিন্তু আমি এটা বলতে যাচ্ছি, যেভাবেই হোক। আমি অন্যদের অনেক কথা বলতে শুনি, তাই আমি...ছোট কৌতুক বলছি, আমি এটা বলতে চাই না। আমি এটা বললাম, যদিও, "যদি আপেল খাওয়ার ফলে মহিলারা বুঝতে পারেন যে তারা নগ্ন, তাহলে আমাদের পুনরায় আপেল বিতরণ করা ভালো।" দেখুন? দেখুন? আহ-হাহ। এর জন্য আমাকে ক্ষমা করুন, কিন্তু যাতে এটি পরিবর্তন হয়। আমি আপনাদের এখানে বেঁধে রেখেছি, এবং মহিলাদের সম্পর্কে কথা বলছি, ইত্যাদি। আমি—আমি—আমি আপনাদের এক মিনিট আরাম দিতে চাই, পরবর্তী যা আসতে চলেছে। এখন, লক্ষ্য করুন, আপনারা...এটা আপেল ছিল না। আমরা সেটা জানি।

153 গির্জা এই দিনগুলিতে পরিণত হয়েছে, তার অর্জনের সাথে, অন্যান্য সমস্ত মনুষ্যসৃষ্ট অর্জনের মতো, বৈজ্ঞানিক হয়ে উঠছে। তারা ছবি এবং বড় বড় মিনারের আকর্ষণ দ্বারা একটি বৈজ্ঞানিক গির্জা তৈরি করার চেষ্টা করছে। আর এটা খুব খারাপ যে পেন্টিকোস্টাল সেই খাতে পড়ে গেছে। আপনি একটি খঞ্জনীর সঙ্গে ভালো থাকবেন, সেখানে নিচে কোণে, এবং আপনার চারপাশে ঈশ্বরের আত্মা নিয়ে। কিন্তু আপনি তাদের বাকিদের সঙ্গে তুলনা করার চেষ্টা করছেন, কারণ আপনি ধর্মসম্প্রদায় তৈরী করেছেন। এটা তাই করেছে। দেখুন ? চার্চগুলি বৈজ্ঞানিক হওয়ার চেষ্টা করছে।

154 আর মনে রাখবেন, মানুষ যখন বিজ্ঞানের দ্বারা উন্নতি করছে, সে প্রতিদিন নিজেকে হত্যা করছে। যখন সে বন্দুকের বারূদ উদ্ভাবন করে, দেখুন এটা কি করেছে। যখন সে একটি গাড়ী আবিষ্কার করে, তখন এটি বন্দুকের বারূদের চেয়ে বেশি মানুষকে হত্যা করেছে। এখন সে নিজেই একটি হাইড্রোজেন বোমা তৈরি করেছে। আশ্চর্য্য যে সে এটা দিয়ে কি করতে যাচ্ছে ? ঠিক।

155 আর মণ্ডলীও তাই, যেমন সে বিজ্ঞানের দ্বারা, মনুষ্যসৃষ্ট পরিকল্পনা দ্বারা অর্জন করার চেষ্টা করছে, এটি আপনাকে ঈশ্বরের কাছ থেকে আরও দূরে নিয়ে যাচ্ছে, আর প্রথম স্থানের চেয়ে অধিক মৃত্যুর দিকে নিয়ে যাচ্ছে। সেটা ঠিক। আপনি আপনার স্ত্রীকে যেভাবে বেছে নিয়েছেন ঠিক সেভাবে আপনার মণ্ডলীকে বেছে নিবেন না। দেখুন ? বিজ্ঞান নারীর জন্য যা করেছে তা বিস্ময়কর ছিল, কিন্তু আপনি সেই বিষয়ে আপনার মণ্ডলী থেকে দূরে থাকুন; সে রং, পাউডার এবং এই সমস্ত অন্যান্য জিনিস তৈরি করেছে। তাঁর বাক্যের চরিত্র দ্বারা চয়ন করুন।

156 এখন আসুন আমরা আজকের প্রাকৃতিক বধূকে আজকের তথাকথিত মণ্ডলী বধূর সঙ্গে তুলনা করি। একজন মহিলার সাথে তুলনা করি, আজ বিয়ে করতে যাচ্ছেন।

157 এখন, দেখুন বিজ্ঞান তার জন্য কি করেছে। সে প্রথমে বেরিয়ে আসে, তার চুল কেটে ফেলে, এই জ্যাকুলিন কেনেডি হেয়ারস্টাইলগুলির মধ্যে একটির সাথে, দেখুন, অথবা এরকম কিছু। আর আপনারা জানেন বাইবেল কি বলে ? বাইবেল, একজন পুরুষকে, যদি তিনি চান, তার স্ত্রীকে বিবাহবিচ্ছেদ দেওয়ার অধিকার দেয়, যদি স্ত্রী সেটি করে। "সে একজন অসম্মানজনক মহিলা, যে তার চুল কেটে ফেলে।" বাইবেল তাই বলে। ঠিক। সেটা জানতেন না ? হুহ ? ওহ, হ্যাঁ ! আমি ক্যালিফোর্নিয়ায় খুব বেশি প্রচার করি কারণ আপনারা তা জানেন না। সেটা ঠিক। ওহ, হ্যাঁ ! এটা আমার

কি উপকার করে ? তারা যেভাবেই হোক এটা করে। আপনি শূকরকে নিয়ে তার নাম পরিবর্তন করতে পারবেন না, তাকে মেষশাবক বানাতে পারবেন না। লক্ষ্য করুন।

158 এর পরে আপনারা আমাকে ঘৃণা করতে যাচ্ছেন, কিন্তু আপনারা সত্য জানতে পারবেন। দেখুন ?

159 দেখুন। এর তুলনা করা যাক। এখানে সে অনেক রং লাগিয়ে আসে, এমন কিছু যা সে নয়, একজন আধুনিক বধূ। তার মুখ ধুয়ে ফেলুন, সে তার কাছ থেকে হয়তো পালিয়ে যাবে। আপনাকে মৃত্যুর ভয় দেখায়, তার থেকে সেই সমস্ত জিনিস সরিয়ে ফেলুন। আর সেইরকম, মণ্ডলী একটি বড় রং করা চিত্রের সঙ্গে, একটি সম্পূর্ণ ধর্মতাত্ত্বিক ম্যাক্স ফ্যাক্টর [মেক-আপ সামগ্রী—অনুবাদক।] নিয়ে। আহ-হাহ। উভয়েরই একটি—একটি সুন্দর, মিথ্যা মুখ তাদের উপর রয়েছে, মনুষ্যসৃষ্ট সৌন্দর্য এবং ঈশ্বরের তৈরি সৌন্দর্য নয়। কোনটিতেই খুব বেশি চরিত্র নেই।

160 লক্ষ্য করুন, সেটি শয়তানের মতো, প্রতারিত করার জন্য যথেষ্ট, এখনকার আধুনিক বধূকে তার সঙ্গে তুলনা করুন: হাফপ্যান্ট পরিধান করে, মেক-আপ করে, তার চুল কেটে ফেলে, পুরুষদের মতো পোশাক পরিধান করে, আর একজন পালকের কথা শুনে, যিনি তাকে বলেন সেটি ঠিক আছে। সে একজন প্রতারক। সে এর জন্য অপর পার্শে কষ্টভোগ করবেন। সেটা ঠিক। প্রতারণা করার জন্য, এমন কিছু করার জন্য যা সে নয়।

161 মণ্ডলী এইভাবে করে, বড় ডিডি., পিএইচ.ডি., এলএল.ডি. নিয়ে এসে। তাই আপনারা বলেন, "আমাদের পালক *এটি*, *সেটি*, *ইত্যাদি*," একজন হটেন্টট মিশরীয় রাত সম্পর্কে যতটা জানেন, ততটা ঈশ্বর সম্পর্কে আর জানেন না। সেটা ঠিক। ঠিক। সেখানে কিছু ধর্মতাত্ত্বিক শিক্ষার অভিজ্ঞতা, আর ঈশ্বর সম্পর্কে কিছুই জানে না।

162 আধুনিক গির্জা এবং তাদের ধর্মতাত্ত্বিক রং, হুম, তাদের নারীদের গৌরব মুণ্ডন করতে দিয়েছে, তাদের কিছু সংসারিক পুরুষ এবং পালক দ্বারা যা তাদের রয়েছে, একজন ঈষেবলের মতো যদি সেখানে কেউ থাকে। বব করা চুল, হাফপ্যান্ট, মেক-আপ, সবই ধর্মতাত্ত্বিক স্বাদে মিশে গেছে, এইভাবে গির্জা দাঁড়িয়ে আছে। ঠিক। কিন্তু তার আধ্যাত্মিক চরিত্র সেই গৃহবধূ হওয়ার থেকে অনেক দূরে যা যীশু খ্রীষ্ট গ্রহণ করতে আসছেন।

163 যদি কোন খ্রিস্টান এইরকম একজন মহিলাকে বিয়ে করেন, এটা

দেখায় যে সে অনুগ্রহ থেকে পতিত হয়েছে। ঈশ্বরের প্রতি তার স্বাদ এবং একটি গৃহের প্রতি তার স্বাদ, একটি গৃহ কেমন হওয়া উচিত, যখন তিনি এমন একজন মহিলাকে বেছে নেন। না, মহাশয়। সে নিশ্চিতভাবে একজন খ্রিস্টানের স্বাদের সাথে মানানসই নয়। তার আধ্যাত্মিক চরিত্র ধর্মসম্প্রদায়িক সৌন্দর্য ও লালসায় পৃথিবীর সর্বনিম্ন ভাটা, মৃত।

164 ঠিক সেই স্থানেই আজ গির্জা দাঁড়িয়ে আছে, একটি বৈজ্ঞানিক মানবসৃষ্ট ধর্মের জন্য তার বাক্য প্রদত্ত চরিত্র শয়তানের কাছে বিক্রি করে দিয়েছে। যখন, তার অধিকার ছিল, ঈশ্বরের একটি মণ্ডলী হিসাবে, ঈশ্বরের বাক্যের সঙ্গে থাকার এবং পবিত্র আত্মা তাদের মধ্যে কাজ করতো, ঈশ্বরের বাক্য এবং প্রেমের সঙ্গে দেহকে একত্রিত করেছিল। এর পরিবর্তে, সে এষৌর মতো তার জন্মগত অধিকার বিক্রি করে দিয়েছে এবং একটি ধর্মসম্প্রদায় গ্রহণ করেছে, তাকে এটি করতে দিয়েছে, সে যা কিছু চেয়েছিল, ঠিক, ঠিক জনপ্রিয় হওয়ার জন্য যেমন তার জননী নাইসিয়া, রোমে করেছিল। ঈশ্বরের বাক্য!

165 ওহ, এটা কিভাবে আমাদের পেন্টিকোস্টাল রাজ্যে প্রবেশ করেছে! এটা খুব খারাপ, কিন্তু সে এটা করেছে।

166 লক্ষ্য করুন, শুধু এক মিনিট, একটি ক্যাথলিক গির্জার একজন নান। সেই মহিলা, একজন নান হওয়ার জন্য, আর সেই শেষ পর্দাটি গ্রহণ করেন, সে সম্পূর্ণরূপে সেই গির্জার কাছে বিক্রি হয়ে যায়। সে (প্রাণ, দেহ এবং আত্মা) সেই মণ্ডলীর সম্পত্তি হয়ে যায়। তার নিজের কোন বিচারশক্তি থাকে না। সে করতে পারে না, যখন সে সেই শেষ পর্দাটি গ্রহণ করে, তার নিজের কোন বিচারশক্তি থাকে না, তার নিজের ইচ্ছা থাকে না। এখানে দেখুন, সেই দিয়াবল তার জন্য তাদের ভন্ড করে তোলে, সত্যের মতো।

167 খ্রীষ্টের সত্য মণ্ডলী, তাঁর বধূ, তাঁর এবং তাঁর প্রতিশ্রুত বাক্যের কাছে এতটাই সমর্পিত হয়ে যায়, যতক্ষণ না খ্রীষ্টের মধ্যে সেই মন আপনার মধ্যে চলে আসে। কি পার্থক্য!

168 আর আমরা আজ খুঁজে পাই, যে, আধুনিক মণ্ডলী, একটি আধুনিক বিশ্ব মণ্ডলী, আধুনিক জগতের মণ্ডলী এবং আধ্যাত্মিক মণ্ডলী উভয়ই গর্ভবতী, পুত্রদের জন্ম দেওয়ার জন্য।

169 তাদের মধ্যে একজন, একটি ধর্মসম্প্রদায়ের জন্ম, দিতে চলেছে, এক...দিন,...এই দিনগুলিতে, ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদে, যা একটি ধর্মসম্প্রদায়ের মাধ্যমে বিশ্বের কাছে

খ্রীষ্টবিরোধীকে নিয়ে আসবে। সেটি একদম সত্য। আমি এটা দেখার জন্য বেঁচে নাও থাকতে পারি। আমি বিশ্বাস করি আমি করব। কিন্তু, তোমরা যুবকেরা, মনে রাখবে তোমরা একজন সেবককে এটি বলতে শুনেছ। সেটি অবশেষে একত্রিত হবে। আর এটাই সেই পশুর চিহ্ন, যখন সে সেই ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদ গঠন করে। আর সে তার পুত্র, খ্রীষ্টবিরোধীকে জন্ম দেবে।

170 অন্যজন ঈশ্বরের বাক্য দ্বারা গর্ভবতী আর দেহ, যীশু খ্রীষ্টের সম্পূর্ণ দেহ নিয়ে আসবেন, যিনি হলেন সেই বধূ। খ্রীষ্টের দেহ এখনও সম্পূর্ণ হয়নি। কতজন সেটা জানেন? একজন পুরুষ ও মহিলা এক। আর খ্রীষ্ট হল এক দেহ, বাক্য। বধূকে সেই দেহের বাকি অংশ হতে হবে। আর দুজনে মিলে, আবার এক দেহ তৈরি করে। আদম যেমন আদিতে ছিলেন: পুরুষ, তার স্ত্রী, এক। এখন, স্ত্রী, সত্যিকারের বধূ, তাঁর কাছে এতটাই সমর্পিত হয়ে গেছে যে সে তার নিজের বুদ্ধি ব্যবহার করে না। তাঁর মন, অবশ্যই, তাঁর ইচ্ছা, এবং তাঁর ইচ্ছা হল তাঁর বাক্য।

171 এখন মানুষের দ্বারা মনোনীত তথাকথিত বধূর দিকে দেখুন, আর আধ্যাত্মিককে আজকের প্রাকৃতিকের সঙ্গে তুলনা করুন, এক আধুনিক ঈষেবল তার আহাব দ্বারা মন্ত্রমুগ্ধ, ম্যাক্স ফ্যাক্টর সৌন্দর্য প্রসাধনী, ইত্যাদি। মণ্ডলীকে দেখুন, একইরকম, জীবন্ত ঈশ্বরের বাক্যের কাছে একজন বেশ্যা; বড় ধর্মসম্প্রদায়, বড় ভবন, অনেক অর্থ, অনেক বেতন, সব বিক্রি হয়ে গেছে। পুরুষরা বেদীতে দাঁড়িয়ে সমর্থন করছে যে সে সকল ঠিক আছে, এবং তাদের এটি নিয়ে এগিয়ে যেতে দেন। শুধু প্রতারণা, এটাই সব। সত্যিই একটি অন্ধ লায়দিকেয়া মণ্ডলীর যুগ, বাইবেল যা বলেছে ঠিক যেমন হবে। "কহিতেছ, 'আমি ধনবান্। আমি রানীর স্থানে স্থাপিত হয়েছি। আমার কিছুরই অভাব নাই।' কিন্তু জান না যে, তুমিই দুর্ভাগ্য, কৃপাপাত্র, দরিদ্র, অন্ধ ও উলঙ্গ: আর সেটি জান না।" যদি এটি **সদাপ্রভু এই কথা কহেন** না হয়, প্রকাশিত বাক্য ৩, আমি এটি কখনও পড়িনি। সেটাই সে, আর সে এটা জানে না! এই বিষয়ে ভাবুন।

172 আপনি যদি রাস্তায় একজন পুরুষ বা একজন মহিলাকে বলেন, তারা সম্পূর্ণ নগ্ন, তাদের বলেন তারা নগ্ন, তারা বলবে, "নিজের কাজে মনোযোগ দিন," কেন, সেখানে কোথাও একটা মানসিক ঘাটতি রয়েছে। তাদের মানসিকতার সাথে কিছু ভুল হয়েছে।

173 যখন আপনি ঈশ্বরের বাক্য পড়তে পারেন, সেই লোকদের কেমন আচরণ করা উচিত, আর এই পবিত্র আত্মার বাপ্তিস্ম যা আজ

আমাদের কাছে আছে, আর, লোকেরা, কেন, তারা আপনার দিকে এমনভাবে তাকায় যেন আপনি পাগল। আপনি তাদের বলেন: "আপনি..." তাদের নতুন করে জন্ম নিতে হবে। তাদের বাইবেল বিশ্বাস করতে হবে।

174 তারা বলে, "এটি বহু বছর আগের একটি ইহুদি কল্পকাহিনী। আমাদের গির্জার কাছে পথ আছে।" দুর্ভাগ্য, কৃপাপাত্র, অন্ধ, উলঙ্গ কিন্তু তা জানে না। কি একটি...আর বাইবেল বলেছে যে তারা সেই অবস্থায় চলে গেছে।

একজন সত্যিকারের ভাববাদী কিভাবে এটা দেখতে ব্যর্থ হবেন ? আমি জানি না।

175 আমাদের সমস্ত মণ্ডলীতে, সর্বত্র প্রবাহিত হচ্ছে। এটি দেখুন, আধুনিক প্রবণতার মধ্যে। "পুরাতন বেশ্যা ও কন্যাগণ," প্রকাশিত বাক্য ১৭, "দরিদ্র, অন্ধ, দুর্ভাগ্য" লোকদেরকে তার ধর্মতত্ত্বের মতবাদ ঈশ্বরের বাক্যের বিপরীতে দিচ্ছে। "আর তারা তার মধ্যে দাসদের আত্মা খুঁজে পেয়েছিল, আর পুরুষ ও নারী—সর্বস্থানের।" মানুষকে আকৃষ্ট করার পরিবর্তে...

176 খ্রীষ্ট তাঁর বাক্যকে প্রমাণ করেন, যা মানুষকে আকর্ষণ করে। তিনি গির্জায় লোকদের আকৃষ্ট করেন না যারা বড় ধর্মসম্প্রদায় এবং বড় কাজের দ্বারা আকৃষ্ট হয়, এবং বড় বড় বহন করে নিয়ে আসা বিষয় এবং অভিনব বিষয় দ্বারা। কিন্তু ঈশ্বরের বাক্য খ্রীষ্টের বধূকে আকর্ষণ করে।

177 এখন লক্ষ্য করুন। এটা আকর্ষণীয় লক্ষ্য—লক্ষ্য করার জন্য যে কীভাবে—কীভাবে মণ্ডলী মানুষের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করে উত্তম পোষাক পরিধান করে আর পোষাক পরিহিত গায়কদল দিয়ে, বব-কেশিক মহিলা এবং মেক-আপ করা মুখ নিয়ে। আর তারা ভাবে...এটি স্বর্গদূতের মতো শোনায়। দিয়াবলের মতো মিথ্যা কথা, সারা রাত নৃত্য করা, এই বিষয়ে কিছুই ভাবে না। আর এটাই তারা মনে করে, "এটা ঠিক আছে। সেটা সুন্দর।" কিন্তু, আপনারা দেখুন, এটি মিথ্যা থেকে তৈরি। এটা ঈশ্বরের বাক্য নয়।

178 যখন, সত্যিকারের বধূ ঈশ্বরের দৃষ্টি আকর্ষণ করেন, তাঁর বাক্য পালন করেন। এখন লক্ষ্য করুন। এখন আসুন খ্রীষ্টকে লক্ষ্য করি।

179 আপনারা বলেন, "ঠিক আছে, এখন, এক মিনিট অপেক্ষা করুন, এই সৌন্দর্যের বিষয়ে কি যার বিষয়ে আপনি কথা বলছেন ?"

180 বাইবেল বলে, যিশাইয় ৫৩:২ এ, যে, যখন যীশু আসেন, "তাঁহার এমন রূপ কি শোভা নাই যে, তাঁহাকে ভালবাসি।" সেটা

ঠিক? কোন সৌন্দর্য নেই। যদি তিনি জাগতিক সৌন্দর্যে আসতেন, যেমন শয়তান আজ এসেছে, লোকেরা তাঁর কাছে ছুটে যেত এবং আজকে মণ্ডলীর মতো করে তাকে গ্রহণ করত। তারা তাকে বিশ্বাস করত, তাকে গ্রহণ করত, যেমন তারা আজ শয়তানকে করে। অবশ্যই, তারা করত। কিন্তু তিনি এই ধরনের সৌন্দর্য নিয়ে আসেননি, কিন্তু তিনি সর্বদা চরিত্রের সৌন্দর্যে আসেন। সেখানে, খ্রীষ্ট একজন সুন্দর, বড়, শক্তিশালী, শক্ত পুরুষ ছিলেন না। ঈশ্বর সেই প্রজাতি নির্বাচন করেন নি।

181 আমার মনে আছে একবার একজন ভাববাদী একজন রাজাকে নিতে—নিতে গিয়েছিলেন, যিশয়ের পুত্র থেকে একজনকে রাজা করার জন্য, শৌলকে, অন্য এক রাজার স্থান নেওয়ার জন্য। তাই যিশয় তাকে বাইরে নিয়ে আসেন, তার বিশাল, বড়, ভালো ছেলে। তিনি বললেন, "মুকুটটি তার মাথায় ঠিক দেখাবে।"

182 ভাববাদী তার উপর তেল ঢালতে গেলেন। তিনি বললেন, "ঈশ্বর তাকে প্রত্যাখ্যান করেছেন।" আর তিনি তাদের প্রত্যেককে প্রত্যাখ্যান করলেন, যতক্ষণ না তিনি একটি ছোট কাঁধযুক্ত, লাল চেহারার ব্যক্তির কাছে আসেন। আর তিনি তার উপর তেল ঢেলে দিলেন, আর তিনি বললেন, "ঈশ্বর তাকে মনোনীত করেছেন।" দেখুন? আমরা দৃষ্টিশক্তি দ্বারা নির্বাচন করি। ঈশ্বর চরিত্র দ্বারা নির্বাচন করুন।

183 চরিত্র, যীশু খ্রীষ্টের মতো কোন চরিত্র কখনও ছিল না। তিনি আপনার মধ্যে বাস করে এবং নিজেকে প্রকাশ করেন। আমরা দেখি এটি সত্য। এটা তার পার্থিব সৌন্দর্য নয় যা তাঁর বধূকে আকর্ষণ করে। এটা তাঁর চরিত্র, মণ্ডলীর চরিত্র, যা যীশু খুঁজছেন; কোথায় একটি বড় ভবন আছে তা নয়, যেখানে এটি বড় ধর্মসম্প্রদায় আছে তা নয়, যেখানে এটি বড় সদস্যপদ তা নয়। তিনি প্রতিশ্রুতি দিয়েছেন যেখানেই দুই অথবা তিনজন একত্রিত হয় তাদের সাথে তিনি সাক্ষাৎ করবেন। সত্যই। সেখানেই প্রকৃত বিশ্বাসী তার আশা নির্ভর করেন, ঈশ্বরের বাক্য সত্যে প্রমাণিত হওয়ার উপর, সেটি যা। তাঁর বাক্য দ্বারা চয়ন করুন, একটি জাগতিক-প্রেমময় দল নয়। তারা এটা ঘৃণা করে।

184 আশ্চর্যের কিছু নেই যে সে তাঁর থেকে বিবাহবিচ্ছেদ প্রাপ্ত হয়েছে, কারণ সে তাঁর প্রকাশিত হওয়াকে বুঝতে পারেনি, আর তার কাছে এটি নেই। তিনি তার জন্য চিন্তা করেন না, যেভাবে সে আচরণ করে, এবং তার কাছে এই পার্থিব বিষয়গুলি কতটা রয়েছে।

185 তিনি তার চরিত্র খুঁজছেন, খ্রীষ্টের চরিত্র। এখন, এখন এক মুহূর্তের জন্য। এটাই। তিনি তাঁর চরিত্র প্রতিফলিত করার জন্য একজন বধূকে বেছে নেন, আজকের আধুনিক মণ্ডলীগুলি তাঁর—তাঁর কর্মসূচীকে অবশ্যই দশ লক্ষ মাইল দূরে হারিয়ে ফেলেছে, কারণ তারা *এটাকে* সত্য বলে অস্বীকার করে। তাহলে এটা কিভাবে হতে পারে ? এখন, তিনি সেই দিনটির সন্ধান করছেন যে বধূ তৈরী হয়, ইব্রীয় ১৩:৮, ঠিক যেমন ছিল, ঠিক যেমন তিনি ছিলেন। এটা তার একই মাংস, একই হাড়, একই আত্মা, একই সবকিছু হতে হবে, ঠিক একই গঠন, আর তখন তারা দুজন এক হয়ে যায়। যতক্ষণ না মণ্ডলী সেটিতে পরিণত হয়, তারা এক নয়। তাঁর চরিত্র, তাঁর বাক্য, এই যুগের জন্য, অবশ্যই সেই গঠনে আসতে হবে। তাকে অবশ্যই তাঁর গঠনে আসতে হবে।

186 এখন, শেষ করার সময়, আমি বলতে চাই, যে কারণ আমি এই কথাগুলি বলেছি, আর আমি—আমি বন্ধ করব। অন্য রাতে, ভোর তিনটার দিকে, আমি জেগে উঠি।

187 আমি এর উত্তর দেওয়ার জন্য আপনাদের কাউকে নিই। আমি কি কখনও আপনাদের প্রভুর নামে সত্য ছাড়া কিছু বলেছি ? এটা সবসময় সঠিক হয়েছে। তাই আমাকে সাহায্য করুন, ঈশ্বর জানেন সেটা সত্য। এমন হাজারো বিষয়ের মধ্যে কেউ নেই, পৃথিবীতে কোথাও নেই, যে তিনি কখনও এর একটি শব্দ ব্যর্থ করেছেন। সবসময় নিখুঁতভাবে এটি ঘটিত হয়েছে।

188 এমনকি যখন আমি ফিনিক্সে ছিলাম, অন্য দিন, অথবা প্রায় এক বছর আগে, আর সেই বার্তাটি বিষয়ে আপনাদের বলেছি—*এটা কোন সময়, মহাশয়* ? আর আপনাদের বলেছিলাম, "সেখানে সাতজন স্বর্গদূত মিলিত হবেন," আর এই মুদ্রাগুলির উন্মোচিত হবে, আর কি। আর সেখানে সেই—সেই *লাইফ* ম্যাগাজিন এই নিবন্ধটি লিখেছিল, এই বড় শিখা বাতাসে উঠছে, ত্রিশ মাইল উচ্চতায়, সাতাশ মাইল জুড়ে। তারা বলেছিল যে তারা এটা কি তা বের করতে পারেনি; এখনও জানেন না। আর লোকরা আজ রাতে এখানে এই ভবনে বসে আছেন, যখন এটি ঘটেছিল তখন ঠিক সেখানে আমার সাথে দাঁড়িয়ে ছিলেন, ঠিক যেমন এটি বলেছিল। তিনি আমাকে বলেছিলেন যে বিষয়গুলি ঘটতে চলেছে, এবং ঠিক তাই ঘটেছে। কিভাবে সেই প্রতিটি মুদ্রা খুলেছিল, এবং সংস্কারকদের যুগে তাদের মাধ্যমে যে রহস্য লুকিয়ে ছিল তা বলেন এবং আরও অনেক কিছু, নিখুঁতভাবে।

189 কিভাবে, পাহাড়ের চূড়ায় দাঁড়িয়ে, লোকরা, তাদের মধ্যে

তিন অথবা চারজন এখন এখানে দাঁড়িয়ে আছেন, হ্যাঁ, তার থেকেও বেশি। পাহাড়ের উপরে গিয়ে, পবিত্র আত্মা বললেন, "সেই পাথরটি তুলে নিন।" আমরা শিকার করছিলাম। তিনি বললেন, "এটা আকাশে নিক্ষেপ করুন, আর বলুন, '**সদাপ্রভু এই কথা কহেন**।'" আমি তা করি। সেখান থেকে বাতাস বয়ে আসে। আমি বললাম, "চব্বিশ ঘন্টার মধ্যে, আপনারা ঈশ্বরের হাত দেখতে পাবেন।" লোকরা এখন এখানে বসে আছেন।

190 পরের দিন, প্রায় দশটার দিকে, সেখানে দাঁড়িয়ে, আমি বললাম, "প্রস্তুত হন। সেখানে গাড়ির নিচে চলে যান," একজন অভিজ্ঞ। আমি বললাম, "কিছু একটা ঘটতে চলেছে।" এটি একটি পরিষ্কার আকাশ ছিল, ঠিক একটি বড় গিরিখাতের মধ্যে। স্বর্গ থেকে একটি ঘূর্ণিঝড় আগুন নিচে নেমে আসে, ঠিক যতটা জোরে এটি চিৎকার করতে পারে, দেয়ালে এভাবে আঘাত করে। আমি—আমি ঠিক এর নীচে দাঁড়িয়ে ছিলাম। আমি আমার টুপি খুলে ফেললাম, আমার মাথা ধরে ফেললাম। এটি আমার থেকে প্রায় তিন ফুট বা চার ফুট উপরে আসে, এবং সেই প্রাচীরের একটি খাদ কেটে এইভাবে বিস্ফোরিত হয়। আর বাতাসে ফিরে যায়, আর আবার ঘুরতে থাকে, আর তিনবার নেমে আসে, এমনকি দুশো গজ পর্যন্ত মেসকুইট ঝোপের শীর্ষ কেটে ফেলেছিল। সেই ব্যক্তিদের বলতে শুনেছেন, "আমেন" ? যখন এটা ঘটেছিল তখন তারা সেখানে ছিল, দেখুন, আর তিনটি বিস্ফোরণ ঘটায়।

191 যখন তারা গাড়ি এবং সবকিছুর নিচ থেকে বেরিয়ে আসে, ফিরে আসে, বললেন, "এটা আপনাকে আঘাত করতে পারে, সেখানে আর কোন খারাপ স্থান নেই।"

192 আমি বললাম, "এটা—এটা তিনি ছিলেন। তিনি আমার সঙ্গে কথা বলছিলেন।" ঈশ্বর ঘূর্ণিবায়ুর দ্বারা কথা বলেন। দেখুন ? আর সেখানে সেই আগুনের স্তম্ভটি ছিল যা আপনারা ছবিতে দেখেন, সেখানে দাঁড়িয়ে।

আর যখন এটা উপরে চলে যায়, তারা বলল, "এটা কি ছিল ?"

আমি বললাম, "বিচার পশ্চিম উপকূল আঘাত করছে।"

193 সেখান থেকে দ্বিতীয় দিন, আলাস্কা ডুবে যেতে পারে। দেখুন ? এটা একবার আঘাত করেছিল, সেখানে, প্রথম আঘাত।

194 যেখানে, আপনাকে কিছু করতে হবে, এর চিহ্ন হিসাবে। যেমন একজন ব্যক্তি কিছু লবণ পাত্রে দিয়ে জলে ফেলে বললেন, "**সদাপ্রভু এই কথা কহেন**, সেখানে মিষ্টি জল হউক।" আর

আরেকজন, যীশু, জল তুলে একটি পাত্রে ঢেলে দিলেন, আর—আর তা থেকে দ্রাক্ষারস তৈরি করলেন।

195 আপনার কাছে কিছু থাকতে হবে, চিহ্নের জন্য। এটা সেটি ছিল, সেটি বাতাসে উঠে যায় আর নেমে আসে। সেটি সেই ছোট্ট ঘূর্ণিবায়ুর সৃষ্টি করেছিল। চব্বিশ ঘন্টার মধ্যে, এটি সেই পর্বতকে কাঁপিয়েছিল যতক্ষণ না এটি তার চারপাশের একটি চূড়াকে কেটে ফেলে।

196 রেভারেন্ড মিস্টার ব্লেয়ার এখানে বসে আছেন, আমি এখন তার দিকে তাকিয়ে আছি, তিনি সেখানে ছিলেন এবং এর কিছু টুকরো তুলে নেন, ইত্যাদি। এখানে টেরি সোথম্যান, তারা, আর এখানে দাঁড়িয়ে আছেন, আর বিলি পল। আর ভাইয়েরা, তাদের অনেকের মধ্যে কয়েকজন এখানে বসেছিলেন, যারা এটি দেখার জন্য সেখানে ছিলেন যখন এটি এটিকে ছিঁড়ে ফেলেছিল।

197 এটা কল্পকাহিনী নয়। এটাই সত্য। এটা বাইবেলের দিনে ছিল না। সেটা এখন ঘটেছে। দেখুন? সেই একই ঈশ্বর যিনি সর্বদা আমাকে এই বিষয়গুলি দেখিয়েছেন, এবং সেগুলি বাস্তবায়িত হয়েছে, ঠিক অক্ষরে অক্ষরে। তারা একবারও ব্যর্থ হয়নি। এখন আমি তার উপর বড়াই করছি।

198 কয়েক সপ্তাহ আগে, আমি একটি দর্শনে ছিলাম। আর আমি একটি—একটি উঁচু স্থানে দাঁড়িয়ে ছিলাম, আর আমি মণ্ডলীর প্রাক দৃশ্য দেখছিলাম। আর আমি লক্ষ্য করলাম, আমার দিক থেকে আসছে...আমি *এই* দিকে দাঁড়িয়ে ছিলাম, পশ্চিম দিকে মুখ করে। আর *এই* পথে সুন্দর নারীদের দল আসছিল, খুব সুন্দর পোশাক, লম্বা চুল পিছনে সুন্দর ভাবে বাঁধা, হাতা পরিহিত, আর স্কার্ট সুন্দরভাবে নিচ পর্যন্ত। আর তারা সকলে একটি পদযাত্রার সুরে ছিলেন, যেমন, "এগিয়ে যাও, খ্রিস্টান সৈন্যরা, যীশুর ক্রুশ সামনে নিয়ে, যুদ্ধের জন্য অগ্রসর হও।" আর যখন তারা পাশ দিয়ে যাচ্ছিল, আমি দাঁড়িয়ে ছিলাম, আর সেখানে কিছু ছিল, কোন আত্মা, ঈশ্বর ছিলেন, আর বললেন, "সেখানে সেই বধূ রয়েছে।" আর আমি তাকালাম, আর আমার হৃদয় আনন্দিত হয়েছিল। আর সে *এই* পথে চলে গেল, আর আমার পিছনে চলে গেল।

199 কিছুক্ষণ পরে, যখন সে *এই* পথে ফিরে আসে, তিনি বললেন, "এখন আধুনিক গির্জাকে এক পলক দেখা যাবে।" আর এখানে এশিয়ান মণ্ডলী উঠে আসে। আমি এমন নোংরা দল কখনও দেখিনি।

200 এখানে অন্যান্য মণ্ডলী উঠে আসে, বিভিন্ন দেশ থেকে। তাদের দেখতে ভয়ঙ্কর লাগছিল।

201 আর আমি—আমি এটা বলছি কারণ ঈশ্বরের সামনে সত্য বলা আমার কর্তব্য। আর যখন তিনি বললেন, "এখন আমেরিকার মণ্ডলী এখানে আসে, প্রাক দৃশ্য দেখার জন্য," আমি যদি কখনও একদল শয়তানকে দেখে থাকি, এটি সেটা ছিল। সেই মহিলারা নগ্ন ছিল, হাতির চামড়ার রঙের মতো একটি পুরানো ধূসর জিনিস নিয়ে। আর তারা এটি তাদের সামনে ধরে রেখেছিল, এর উপরিভাগ ছিল না। আর তারা এই ধরনের কাজ করছিল, যা, এই—এই ধরনের নাচ যা এই বাচ্চারা এখানে করে, সেই মোচড় এবং জিনিস, এবং এই ধরনের সঙ্গীত চলছে। আর যখন আমি মিস ইউ.এস.এ কে আসতে দেখি, আমি প্রায় অজ্ঞান হয়ে পড়ি।

202 এখন, এটি **সদাপ্রভু এই কথা কহেন**। যদি আপনি আমাকে তাঁর সেবক বলে বিশ্বাস করেন, আপনি এখন আমাকে বিশ্বাস করবেন। আমি পৃথিবীর কোন কিছুর জন্য এটা বলব না। সারা পৃথিবীতে পর্যাপ্ত অর্থ নেই যা আমাকে বলাতে পারে যে সেটি সত্য নয়।

203 আর যখন সে আসে, সেটা ছিল সবচেয়ে নোংরা চেহারার জিনিস যা আমি কখনো দেখেছি। আমি ভাবলাম, "ঈশ্বর, প্রচারকেরা আর আমরা ভাইয়েরা আপনাকে একজন ভার্য্যা পাইয়ে দেবার জন্য যতো কঠোর পরিশ্রম করেছি, আর সেটাই শ্রেষ্ঠ যা আমরা করতে পেরেছি।" সে মোচড় দিচ্ছিল, *এটি* তার সামনে ধরে, এই হুলা স্কার্টগুলির একটির মতো, এটি তার অঙ্গের সামনে ধরে, তার নিম্নাঙ্গ, *এই* ভাবে, এই বাচ্চাদের মতো নাচছিল...এই অশ্লীল প্রদর্শনীতে যা তাদের আছে, মোচড় দিচ্ছিল। সেটা ছিলেন আমেরিকার মহিলাদের খ্রিস্টধর্ম।

204 তাই আমাকে সাহায্য করুন, ঈশ্বরের সাহায্য দ্বারা, তাঁর চেহারায় এটাই দেখায়। আমি—আমি...আমি শুরু...আমি অজ্ঞান হয়ে যেতাম। আমি ভাবলাম, "সমস্ত চেষ্টা, এবং প্রচার, এবং অনুপ্রাণিত করা?" তাদের প্রত্যেকেরই বব চুল ছিল, আর তারা *এটিকে* সামনে ধরে মোচড় দিচ্ছিল এবং এগিয়ে যাচ্ছিল। তারা সেখানে আসে, যেখানে আমি এই অতিপ্রাকৃত সত্তার সাথে দাঁড়িয়ে ছিলাম। আমি তাঁকে দেখতে পাইনি। আমি তাঁকে আমার সাথে কথা বলতে শুনেছি; ঠিক আমার পাশে ছিলেন। কিন্তু যখন তারা *এই* দিকে তাকায়, তারা *এটি* ধরে রাখে। আর মোচড়াচ্ছে আর হাসছে আর এগিয়ে যাচ্ছে, এইভাবে চালিয়ে যাচ্ছে, *এটা* তাদের সামনে ধরে।

205 এখন, আমি সেখানে তাঁর উপস্থিতিতে দাঁড়িয়ে আছি, এবং তাঁর দাস। "আর আমি যা চেষ্টা করেছি, এটাই কি সর্বশ্রেষ্ঠ আমি করতে পেরেছি?" আমি ভাবলাম, "ঈশ্বর, এটা আমার কি

উপকার করেছে? এটা কি ভালো করেছে? সকল ক্রন্দন, প্রার্থনা করা, এবং বোঝানো, এবং আপনি যে মহান চিহ্ন, আশ্চর্য এবং অলৌকিক কাজগুলি দেখিয়েছেন। আর কিভাবে আমি সেখানে দাঁড়িয়ে ছিলাম, আর তাদের কাছে বিষয়গুলি প্রচার করার পরে বাড়িতে গিয়ে ক্রন্দন করতাম, এটা আমার কি ভালো করেছে? আর তারপর আমাকে আপনার জন্য এমন কিছু উপস্থাপন করতে হবে, একজন বধূর জন্য?"

206 আর আমি যখন সেখানে দাঁড়িয়ে ছিলাম, দেখছিলাম, সে পাশ দিয়ে চলে গেল। আর আপনারা তার পিছনের অংশ কল্পনা করতে পারেন, তার উপর কিছুই ছিল না, *এটা* তার সামনে ধরে যখন সে চকচক করতে করতে চলে গেল, এইভাবে, এই মোচড় দিয়ে, তার অঙ্গ-প্রত্যঙ্গকে এভাবে প্রসারিত করে। আর, তার, ওহ, এটা অশ্লীল ছিল, সে কীভাবে এগিয়ে যাচ্ছিল, তার শরীর এভাবে কাঁপছিল। এখন আমি...

207 আপনারা বলেন, "এর মানে কি, ভাই ব্রানহাম?" আমি জানি না। আমি যা দেখেছি তাই আপনাদের বলছি।

208 আর যখন সে এভাবে পাশ দিয়ে যাচ্ছিল, আমি তার দিকে তাকালাম। ওহ, আমি সত্যিই অজ্ঞান হয়ে গেছি। আমি শুধু ঘুরে দাঁড়ালাম। আমি ভাবলাম, "ঈশ্বর, আমি দণ্ডিত। সেখানে—সেখানে আমার চেষ্টা করার আর কোন প্রয়োজন নেই। শুধু যদি ছেড়ে দিতে পারি।"

209 মিসেস কার্ল উইলিয়ামস, যদি আপনি এখানে বসে থাকেন, আর সেই স্বপ্ন যার কথা আপনি আমাকে বলেছিলেন, কিছুক্ষণ আগে, যা আপনি অন্য রাতে পেয়েছিলেন, যা আপনাকে বিরক্ত করছিল, সেখানে এটি। আমার হাত থেকে স্টিয়ারিং হুইল নেওয়া হয়েছে।

210 তারপর, আমি শুধু ভেবেছিলাম, "আমি—আমি হয়তো এটা ভুলে যেতে পারি।" আমি চলে গিয়েছিলাম।

211 তারপর, হঠাৎ করে, আমি শুনতে পেলাম এটা আবার আসছে। আর *এই* পাশ দিয়ে সেই একই বধূ পুনরায় আসেন যিনি *এই* পথে চলে গিয়েছিলেন। এখানে তারা পুনরায় সেই ছোট মহিলারা আসেন, এবং তাদের প্রত্যেকে তাদের জাতীয় পোশাক পরিধান করে আসেন, যেখান থেকে তারা এসেছেন, যেমন সুইজারল্যান্ড, জার্মানি, ইত্যাদি, প্রত্যেকেই এই ধরণের পোশাক পরিধান করে, সকলের লম্বা চুল, ঠিক প্রথম জনের চুলের মতো। আর এখানে তারা

আসেন, হেঁটে আসেন। “এগিয়ে যাও, খ্রিস্টান সৈন্যরা, যুদ্ধের দিকে এগিয়ে যাও।” আর যখন তারা সকলে প্রাক দৃশ্যের স্থানের পাশ দিয়ে চলে যান যেখানে আমরা দাঁড়িয়ে ছিলাম, হঠাৎ করে, প্রতিটি চোখ সেদিকে গেল। আর তারপর তারা পিছনে ফিরে, তারা চলে যায়, কুচকাওয়াজ করতে করতে।

212 আর ঠিক যখন তারা আকাশে উঠে যেতে শুরু করে, এই অন্যজন একটি পাহাড়ের ধারে উঠে নিচে নেমে যায়, *এইভাবে*।

213 তারা ঠিক আকাশে যাত্রা করতে শুরু করে। আর যখন তারা যাত্রা করতে থাকে, আমি লক্ষ্য করলাম পিছনে কয়েকটি ছোট মেয়ে, দেখে মনে হচ্ছিল তারা কোন বিদেশী মেয়ে, যেমন সুইডেন বা সুইজারল্যান্ড থেকে, অথবা কোথাও থেকে। তারা চারপাশে তাকাতে শুরু করল, আর...আমি বললাম, “এটা করবেন না! সেই পদক্ষেপ থেকে সরে আসবেন না!” আর যখন আমি এইভাবে চিৎকার করলাম, আমি চলে আসি, দর্শনের মধ্যে, সেখানে *এইভাবে* হাত বাড়িয়ে দাঁড়িয়ে ছিলাম। আমি ভাবলাম, “ঠিক আছে...”

214 এই জন্যই আমি আজ রাতে আমার কাছে যা আছে তা বলেছি। আমি আপনাদের একটি প্রশ্ন করতে চাই। আমরা যা ভাবছি তার থেকে কি বেশি দেরী হয়ে গেছে? বধূকে কি ইতিমধ্যেই আহ্বান ও মনোনীত, মুদ্রাঙ্কিত করা হয়েছে? সেখানে কোন একজন অতিরিক্ত থাকবেন না, আপনারা জানেন। এটা কি সম্ভব হতে পারে? ওহ, হ্যাঁ। ওহ, হ্যাঁ।

215 মনে করুন আমি কি বলেছিলাম, অন্য দিন প্রাতঃরাশে। পুরুষ এবং মহিলার প্রজননের রেণুতে, লক্ষ লক্ষ জীবাণু এগিয়ে আসে, লক্ষ লক্ষ ডিম্বানু এগিয়ে আসে। কিন্তু তাদের মধ্যে একজনই জীবিত থাকে, আর, যদিও, তারা প্রত্যেকে একই রকম হয়ে থাকে: দশ লক্ষের মধ্যে এক। তাদের প্রত্যেকটি, একই ডিম্বানু এবং একই ধরণের জীবাণু হয়ে থাকে। তাদের মধ্যে একজন জীবিত থাকে। বাকিরা মারা যায়।

216 কেউ বলতে পারেন না কোনটি একটি পরিপক্ক ডিম্বানু, আর, ওহ, এই বিষয়ে কি। ঈশ্বরকে সিদ্ধান্ত নিতে হয়, এটি একটি ছেলে বা মেয়ে হবে, স্বর্ণকেশী বা শ্যামাঙ্গিণী, অথবা যাই হোক না কেন। ঈশ্বর সেই সিদ্ধান্ত নেন। প্রথমে যাদের সাক্ষাৎ হয় তা না, কিন্তু প্রথমটি ঈশ্বর সিদ্ধান্ত নেন। হয়তো একটি *এখানে* আসে, আর একটি... আপনারা যদি কখনও লক্ষ্য করেন, টেস্টটিউবে, তাদের একসাথে আসতে দেখেন। আমি এটা দেখেছি। এটি ঈশ্বরকে সিদ্ধান্ত নিতে

হয়। একটি, তাদের প্রত্যেকে, ঠিক একইরকম, কিন্তু নির্বাচনের মাধ্যমে। স্বাভাবিক জন্ম নির্বাচনের মাধ্যমে হয়। ঈশ্বর লক্ষ লক্ষের মধ্যে একটিকে নির্বাচন করেন।

217 যখন ইস্রায়েল মিশর ছেড়ে চলে আসে, তাদের প্রতিশ্রুত দেশে যাওয়ার পথে, সেখানে তারা প্রায় কুড়ি লক্ষ লোক ছিল। তাদের প্রত্যেকে, একই বলিদান মেষশাবকের অধীনে ছিলেন, নতুবা তারা জীবিত থাকত না। তাদের প্রত্যেকে মোশি ভাববাদীর কথা শুনেছিলেন। তাদের প্রত্যেকে তার কাছে বাপ্তিস্ম নিয়েছিল, লোহিত সাগরে। তাদের প্রত্যেকে নৃত্য করেছিলেন, মহিলারা মরিয়মের সঙ্গে, উপরে-নিচে (যখন) সমুদ্রতীরের তীরে, যখন ঈশ্বর শত্রুকে ধ্বংস করেছিলেন। তারা প্রত্যেকে মোশির সঙ্গে দাঁড়িয়েছিল, এবং তাকে আত্মায় গান গাইতে শুনেছিলেন। তারা, প্রত্যেকে, প্রান্তর মান্না খেয়েছিলেন, যা স্বর্গ থেকে পড়তো। নতুন মান্না, প্রতি রাতে, যা এক ধরণের বার্তা, তারা প্রত্যেকে সেখান থেকে আহার করেছিল। কিন্তু, কুড়ি লক্ষের মধ্যে, কতজন সেটি করতে পেরেছিলেন ? দুইজন। দশ লক্ষের মধ্যে এক।

218 আজ রাতে বিশ্বে প্রায় পাঁচ হাজার লক্ষ খ্রিস্টান রয়েছে, ক্যাথলিক এবং সকলকে নিয়ে। পৃথিবীতে পাঁচ হাজার লক্ষ তথাকথিত বিশ্বাসী। যদি আজ রাতে স্বর্গারোহণ ঘটিত হয়, এর অর্থ হবে...যদি দশ লক্ষের মধ্যে এক গণনা করা হয়। আমি এটা বলি না যে এটি তাই হবে। কিন্তু যদি তা হয়, আগামী চব্বিশ ঘন্টার মধ্যে পাঁচশ লোক নিখোঁজ হয়ে যাবে। আপনি এমনকি এই বিষয়ে শুনতেও পাবেন না। সেখানে ততজন লোক নিখোঁজ হয়ে যাবে, যাইহোক, এমনকি বিবেচনাধীন নয়।

219 তাহলে এটা হতে পারে, আমাদের সাথে ঘটতে পারে, বন্ধুরা, যেমনটা হয়েছিল যখন যোহন বাপ্তিস্মদাতা এসেছিলেন। এমনকি শিষ্যরা বলেছিলেন, "শাস্ত্র কেন বলে, কেন—প্রেরিতরা অথবা ভাববাদীরা কেন বলেন, তারা কেন বলেন যে প্রথমে এলিয়ের আগমন হওয়া এবং সকল বিষয় পুনঃস্থাপন করা আবশ্যক ?"

220 তিনি বললেন, "আমি তোমাদিগকে বলিতেছি যে, এলিয় আসিয়া গিয়াছেন, কিন্তু তোমরা তা জানো নাই।"

221 এই দিনগুলির মধ্যে কোন একদিন আমরা এখানে বসে থাকতে পারি, "মহাক্লেশ শুরু হওয়ার আগে, স্বর্গারোহণের বিষয়ে কি ?"

"তিনি ইতিমধ্যেই এসেছেন আর আপনারা সেটা জানেন না।"

222 সমস্ত দেহ, মুদ্রাঙ্কিত করা হয়, শুধু এটিকে স্তরে রেখে। আমি বলছি না যে এটা সেভাবে হবে। আমি আশা করি যেন এটা সেভাবে না হয়। কিন্তু, বন্ধুরা, যখন এটি...

223 আজ রাতে যদি আমরা আমাদের হৃদয়ে একটি অনুভূতি পাই, যে আমাদের জীবনকে সরল করা উচিত, আর আমরা যে কাজগুলি করেছি, একজন সেবক ভাই হিসাবে আমি আপনাদের পরামর্শ দিতে চাই। আমি প্রথমবারের মতো এটি বলতে যাচ্ছি, বেদীর উপর থেকে। আমি আজ রাতে আরও এগিয়ে এসেছি, *এই* বিষয়ে, অন্য কোন বিষয়ের উপর যা আমার কাছে আছে, যে কোনও সময়, যেভাবেই হোক, জনসাধারণের সামনে, কারণ এই সভাগুলিতে আমি একটি বড় স্বাধীনতা পেয়েছি। আপনারা যদি আমাকে ঈশ্বরের ভবিষ্যদ্বক্তা বলে বিশ্বাস করেন, তবে আমি আপনাদের যা বলেছি আপনারা তা শুনবেন। যদি আপনার হৃদয়ে একটি ছোট্ট অনুভূতি থাকে, আপনি এখনই ঈশ্বরের কাছে যান। আপনি এটা করুন।

224 এক মিনিট দাঁড়ান, পুরুষরা। আপনার—আপনার ধর্মমতটি দেখুন যা আপনি পরিবেশন করেন। আপনার মণ্ডলীতে দেখুন। এটা কি ঠিক ঈশ্বরের বাক্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ? আপনি কি প্রতিটি যোগ্যতা পূরণ করেছেন? বলুন, "আমি একজন ভালো মানুষ।" নীকদীমও তাই ছিলেন, আর বাকিরাও তাই ছিলেন। তারা—তারা ভালো ব্যক্তি ছিলেন। দেখুন? বাক্যের সাথে এর কিছুই করার নেই।

225 আর, নারীরা, আমি চাই আপনারা আয়নায় দেখুন, আর দেখুন ঈশ্বর একজন মহিলার কাছ থেকে কি প্রত্যাশা করেন। আর ঈশ্বরের আয়নায় দেখুন, এখন আপনার মণ্ডলীর আয়নায় নয়, ঈশ্বরের আয়নায়; আর দেখুন আপনি যোগ্য হতে পারেন কিনা, আপনার জীবনে, যীশু খ্রীষ্টের আধ্যাত্মিক বধূ।

226 সেবকরা, একই বিষয় চিন্তা করুন। আপনি কি *এখানে* কোণ কেটে ফেলেছেন, ওপারে কারো অনুভূতি রক্ষা করার জন্য? আপনি কি *এটা* করতেন যদি এটা...আর তারা আপনাকে গির্জা থেকে বের করে দেবে? আপনি যদি এমন অনুভব করেন, আমার প্রিয় ভাই, আমাকে আপনাকে সতর্ক করতে দিন, যীশু খ্রীষ্টের নামে, এখনই সেখান থেকে সরে আসুন।

227 আর, মহিলা, যদি আপনি একজন খ্রিস্টান হওয়ার যোগ্যতা পরিমাপ করতে না পারেন, একজন সাধারণ খ্রিস্টান হিসাবে নয়, কিন্তু আপনার হৃদয়ে, এবং আপনার জীবন ঈশ্বরের বিবাহের শংসাপত্রের মতোই এক হয়, এখানে, বলে যে এটি হতে হবে...

228 আর, গির্জার সদস্য, যদি আপনার গির্জার এমন না হয়, ঈশ্বরের বাক্যের যোগ্যতা অনুযায়ী পরিমাপিত না হয়, সেখান থেকে বেরিয়ে আসুন এবং খ্রীষ্টে প্রবেশ করুন।

229 এটা গম্ভীর সতর্কবাণী। আমরা জানি না কোন সময়, আর আপনারা জানেন না কোন সময়, এই শহরটি একদিন এখানে এই সমুদ্রের তলদেশে চলে যাবে।

230 "হে, কফরনাহূম," যীশু বলেছিলেন, "তুমি স্বর্গ পর্য্যন্ত উচ্চীকৃত করিয়াছ, তোমাকে পাতাল পর্য্যন্ত নামাইয়া দেওয়া যাইবে। কেননা যে সকল পরাক্রম-কার্য্য তোমার মধ্যে করা গিয়াছে, সে সকল যদি সদোমে করা যাইত, তবে তাহা আজ পর্য্যন্ত থাকিত।" আর সদোম, ঘমোরা মৃত সাগরের তলদেশে অবস্থিতি করছে। আর কফরনাহূম সমুদ্রের তলদেশে অবস্থিতি করছে।

231 তুমি নগর, যে নিজেকে স্বর্গদূতদের শহর বলে দাবি করো, যে নিজেকে স্বর্গে উন্নীত করেছে, আর ফ্যাশন এবং ইত্যাদি বিষয়ের সমস্ত নোংরা, নোংরা বিষয় ছড়িয়ে দিয়েছে, এমনকি বিদেশী দেশগুলি এখানে এসে আমাদের ময়লা তুলে নিয়ে তা পাঠিয়ে দেয়, আপনাদের সুন্দর গির্জায় এবং গির্জার বুরুজে, আর অন্যান্য স্থানে, আপনারা যেভাবে করেন। মনে রাখবেন, একদিন আপনারা সমুদ্রের তলদেশে অবস্থান করবেন, এই মুহূর্তে আপনার নীচে আপনার বড় গহ্বর রয়েছে। ঈশ্বরের ক্রোধ ঠিক আপনার নীচে ফুঁসে উঠছে। তিনি আর কতকাল এই বালির স্তরটি এর উপর ঝুলিয়ে রাখবেন ? যখন, সেই সাগর, এক মাইল গভীর, সেখানে চলে আসবে, সল্টন সাগরে ফিরে যাবে। এটা পম্পেইয়ের শেষ দিনের চেয়েও খারাপ হবে। মন ফিরাও, লস অ্যাঞ্জেলেস।

232 মন ফিরাও, আপনারা অবশিষ্টেরা, এবং ঈশ্বরের কাছে চলে আসুন। পৃথিবীর উপর তাঁর ক্রোধের সময় এসেছে। যখন পলায়ন করার সময় আছে তখন পলায়ন করুন, এবং খ্রীষ্টের মধ্যে আসুন।

আসুন আমরা প্রার্থনা করি।

233 প্রিয় ঈশ্বর, যখন, আমার আত্মায়, কাঁপছি, আমার হৃদয়ে সতর্কতার অশ্রুবিন্দু ঝরছে। হে ঈশ্বর, প্রদান করুন, যাতে আমি যা বলেছি তা পুরুষ এবং মহিলারা একটি রসিকতা হিসাবে না ভাবে, এবং গির্জার লোকেরা এটিকে এমন কিছু মনে না করে যে এটি কুসংস্কার অথবা এমন কিছু যা তাদের বিরুদ্ধে। তারা যেন দেখতে পায়, প্রভু, এটা প্রেম।

234 আপনি আমার সাক্ষ্য বহন করেছেন, সর্বশক্তিমান ঈশ্বর, যে এই উপকূলের উপরে নিচে আমি গিয়েছি, বছরের পর বছর, আপনার বাক্য ঘোষণা করতে। আমার সাক্ষ্য বহন করুন, হে ঈশ্বর, আমি সত্য বলেছি, যদি আজ রাতে এটি ঘটে। আপনি জানেন বধূর এই দর্শন সত্য। আমি এর দ্বারা আপনার নাম নিয়েছি, প্রভু, আর বলেছি এটা **সদাপ্রভু এই কথা কহেন**। আর আমি অনুভব করি যে আমি সচেতন, প্রভু, আমি যা করছি সে বিষয়ে।

235 তাই আমি আপনার কাছে প্রার্থনা করি, প্রভু, যীশুর নামে, লোকেরা আজ রাতে যেন কম্পিত হয়, আর আসন্ন ক্রোধ হইতে পলায়ন করে, কেননা দ্বারে ও জাতিগণের উপরে ঈখাবোদ লিখিত আছে। একটি কালো চিহ্ন এর উপর এসেছে। ঈশ্বরের আত্মা এর থেকে দুঃখিত হয়ে চলে গিয়েছে, আর তাদের পাল্লায় ওজন করে, লঘু পাওয়া গিয়েছে। রাজা নবূখদ্‌নিৎসরের পর্বের পুনরাবৃত্তি হয়েছে, মাতাল পার্টি এবং অর্ধ-পোশাক পরিহিত মহিলাদের সঙ্গে, নিজেদের খ্রিস্টান বলেন।

236 হে স্বর্গের ঈশ্বর, এই পাপী জগৎ এবং এই পাপী লোকদের প্রতি করুণা করুন, প্রভু, যেমন আমরা আজ রাতে আছি। ঈশ্বর, আমি চেষ্টা করছি ফাটলের মধ্যে দাঁড়িয়ে ঐশ্বরিক করুণা প্রার্থনা করার জন্য, যেন আপনি আজ রাতে এই ভিড়ের সঙ্গে কথা বলেন এবং আপনার বধূকে মনোযোগের জন্য আহ্বান করেন, প্রভু, কোন ধর্মমতের চিহ্ন দ্বারা নয়, কিন্তু প্রভু যীশু খ্রীষ্টের সুসমাচারের ধ্বনি দ্বারা অগ্রসর হওয়ার জন্য। এটা প্রদান করুন, হে ঈশ্বর। এটি ব্যক্ত হউক, আজ রাতে, যে আপনি ঈশ্বর, আর আপনার বাক্য সত্য। যখন, আন্তরিকভাবে, এই লোকদের সামনে, আমরা তাদের আপনার বাক্যের প্রতি মনোযোগ আকর্ষণ করি।

237 যীশু খ্রীষ্টের নামে, আমি তাদের জন্য প্রার্থনা করি, প্রভু। তারা আপনাকে দেখেছে, সন্দেহের ছায়ার বাইরে, তাদের মধ্যে যান এবং তাদের হৃদয়ে যা আছে তা তাদের কাছে ব্যক্ত করুন। আর আপনি জানেন, প্রভু, যে, এই মুহূর্তে, কি ঘটছে। হে ঈশ্বর, আপনি এটা সত্য বলে জানেন। আর আমি আপনার কাছে প্রার্থনা করি, যীশুর নামে, পবিত্র আত্মা পুনরায় মধ্যস্থতা করুন, প্রভু, আর এই শ্রোতাদের মধ্যে থেকে নিয়ে আসুন, প্রভু, যারা মেষশাবকের জীবন পুস্তকে লেখা রয়েছে। এটা প্রদান করুন, হে ঈশ্বর। আমি আমার সমস্ত হৃদয় দিয়ে প্রার্থনা করি।

238 এই লোকেরা, স্বাভাবিকভাবেই, প্রভু, এই বার্তাকে সমর্থন করার জন্য তাদের শেষ পয়সাটি আমাকে দিয়ে দিবেন। তারা যা করতে

পারেন তা করবেন। কিন্তু, হে ঈশ্বর, যখন এটি এর সাথে মোকাবিলা করার কথা আসে, এবং এর মধ্যে আসে, আমি প্রার্থনা করি, ঈশ্বর, আজ রাতে আপনি তাদের পুরস্কৃত করবেন এবং এই সম্মেলনে আপনার পবিত্র আত্মা ঢেলে দিবেন। আর সেখানে যেন কোলাহল বা লাফালাফি না হয়, কিন্তু ক্রন্দন ও অনুতাপ করে, বেদীর কোন ধরে, যখন আমরা দেখি বিচার আমাদের নীচে গড়িয়ে আসছে, আজ রাতে। এটা প্রদান করুন, ঈশ্বর। আমি যতটা আন্তরিকভাবে জানি, যীশু খ্রীষ্টের নামে প্রার্থনা করি।

239 আমার ভাই, বোন, আমি—আমি জানি না আর কি বলব, যদি আমি আপনার দৃষ্টিতে অনুগ্রহ পাই, ঈশ্বরের শক্তি দ্বারা, যদি আপনি আমাকে তাঁর ভবিষ্যদ্বক্তা বলে বিশ্বাস করেন। এই প্রথম জনসমক্ষে আমি এটা বলেছি। কিন্তু আমি এক ধরণের অদ্ভুত সতর্কবার্তা অনুভব করছি। আমার এই ধরণের প্রবণতা নই। আপনারা জানেন আমি নই। আমি এভাবে আচরণ করি না। আমি সেই বার্তাটি বলতে এবং সেই বিষয়গুলি বলতে ইতস্তত বোধ করছিলাম। আমি পাশ দিয়ে চলে যাই ইত্যাদি, এটা করা থেকে বিরত থাকার জন্য। কিন্তু এটা বলা হয়েছে, এবং এটি বিচারের দিনে দাঁড়াবে, একটি সাক্ষী হিসাবে যে আমি সত্য বলেছি। সেটি **ঈশ্বর সদাপ্রভু এই কথা কহেন**!... ?...

240 ওহ, পেন্টিকোস্ট, আপনার জীবনের জন্য দৌড়ান। বেদীর শৃঙ্গের কাছে চলে যান আর চিৎকার করুন, অনেক দেরি হওয়ার আগে, এমন এক সময় আসবে যখন আপনি কাঁদতে পারবেন কিন্তু এতে কোন লাভ হবে না। কারণ এষৌ তার জন্মগত অধিকারের একটি স্থান খুঁজতে চেয়েছিলেন, কিন্তু সে তা খুঁজে পায়নি। আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি, ওহ, ক্যালিফোর্নিয়া। ওহ, ফুল গসপেল বিজনেস ম্যানদের সম্মেলন, আমি যাকে ভালোবাসি, যাকে আমি ছেড়ে এসেছি এবং আমার সমস্ত হৃদয় দিয়ে প্রশ্রয় দিয়েছি, আমি আজ রাতে আপনাদেরকে যীশু খ্রীষ্টের কাছে সমর্পণ করছি। তাঁর কাছে চলে আসুন! শয়তানকে কখনই এটি থেকে আপনাকে শীতল করতে দেবেন না। এর সাথে সঠিক থাকুন যতক্ষণ না আপনারা, প্রত্যেকে, পবিত্র আত্মায় পূর্ণ না হন, এতটা, যা আপনাকে এই বাক্যে আসতে বাধ্য করবে, সেটি আপনাদের, নারীদের সোজা করবে, এটি আপনাদের, পুরুষদের সোজা করবে। আপনি যদি বলেন আপনার কাছে পবিত্র আত্মা আছে, এবং আপনি বাক্যের সাথে এক হতে পারেন না, তবে এটি আপনার মধ্যে অন্য আত্মা রয়েছে। ঈশ্বরের আত্মা তাঁর বাক্যে রয়েছে, মশীহ,

অভিষিক্ত বাক্য। বধূকে অবশ্যই একজন মশীহ্ হতে হবে, অভিষিক্ত বাক্য।

241 আসুন আমরা আমাদের পায়ে উঠে দাঁড়াই, প্রভু যীশু খ্রীষ্টের নামে। যদি আপনারা আর কখনও আমার কণ্ঠস্বর শুনতে না পান...কিন্তু, ঈশ্বর যদি চান, আমি কয়েক ঘন্টার মধ্যে আফ্রিকায় চলে যাচ্ছি। আমি হয়তো কখনো ফিরবো না। আমি জানি না। কিন্তু আমি আপনাদেরকে বলছি, আমার সমস্ত হৃদয় দিয়ে, আমি আপনাদেরকে সত্য বলেছি। ঈশ্বর আমাকে যা বলতে বলেছেন তা সবই আপনাদের কাছে ঘোষণা করতে আমি এড়িয়ে যাইনি। আর আমি এটা প্রভুর নামে বলেছি।

242 এটা একটি গৌরবময় মুহূর্ত। কিভাবে আমি এটা প্রকাশ করবো জানি না। আমি তিন বা চারবার বেদী ছেড়ে যাওয়ার চেষ্টা করেছি, কিন্তু আমি এটা করতে পারিনি। এটি একটি গৌরবময় সময়। আপনারা এটা কখনও ভুলবেন না। এটাই সেই সময় যখন, হয়তো, ঈশ্বর তাঁর শেষ আহ্বান করছেন। আমি জানি না। কোন একদিন তিনি তার শেষ আহ্বান করবেন। কখন ? আমি জানি না। কিন্তু আমি আপনাকে বলছি, সেই দর্শন অনুসারে, দেখে মনে হচ্ছে যে সেই বধূ প্রায় পূর্ণ হয়েছে।

243 সাধারণ মণ্ডলীর দিকে দেখুন ভিতরে আসছে। যখন ঘুমন্ত কুমারী তেলের জন্য আসে, সে এটি নিয়ে আসতে ব্যর্থ হয়। বধূ ভিতরে প্রবেশ করে। স্বর্গারোহণ হয়ে যায়। "তারা যখন তেল কিনতে যায়, তখন বর আসেন।"

244 আপনি কি ঘুমিয়ে আছেন ? জেগে উঠুন, দ্রুত, এবং স্বজ্ঞানে ফিরে আসুন। আসুন আমরা প্রার্থনা করি, প্রত্যেকে, যেন আমরা এই মুহূর্তে মারা যাচ্ছি, প্রভুর নামে। আসুন, প্রত্যেকে, নিজ নিজ ভাবে প্রার্থনা করি।

245 সর্বশক্তিমান ঈশ্বর, আমাদের প্রতি দয়া করুন। প্রভু, আমার প্রতি দয়া করুন। আমাদের সকলের প্রতি দয়া করুন। আমরা যাই করি না কেন, এর দ্বারা কি উত্তম হবে, যদি আমরা এই বিষয়গুলিতে ব্যর্থ হই ? আমি দাঁড়িয়ে, হে ঈশ্বর, করুণার জন্য প্রার্থনা করছি, এই বড় শহরটি সমুদ্রের নীচে ডুবে যাওয়ার আগে এবং ঈশ্বরের বিচার এই উপকূলে চলে আসার আগে। আমি প্রার্থনা করি, ঈশ্বর, আপনি আপনার বধূকে আহ্বান করবেন। আমি তাদের এখন আপনার কাছে সমর্পণ করছি, যীশু খ্রীষ্টের নামে। আমেন। আমেন... ?...আমি সত্য বলেছি... ?...

65-0429E একজন বধূকে বেছে নেওয়া
বিল্টমোর হোটেল
লস এঞ্জেলেস, ক্যালিফোর্নিয়া ইউ.এস.এ.

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

Voice Of God Recordings, India Office
19 (New No: 28) Shenoy Road, Nungambakkam
Chennai 600 034, India
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

Voice Of God Recordings
P.O. Box 950, Jeffersonville, Indiana 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

Voice Of God Recordings, India Office
19 (New No: 28) Shenoy Road, Nungambakkam
Chennai 600 034, India
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

Voice Of God Recordings
P.O. Box 950, Jeffersonville, Indiana 47131 U.S.A.
www.branham.org